দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৯ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৭ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৬ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
• • • • • • • • • • • • • • • • • •
তারা বলে যে, এটি আল্লাহর কথা
অথচ এসব আল্লাহর কথা নয়।
আর তারা জেনে শুনে আল্লাহরই
প্রতি মিথ্যারোপ করে।

সূরা আল ইমরান ৭৮

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

সাইবার সুরক্ষা আইন নিয়ে সম্পাদকদের আশ্বস্ত করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রস্তাবিত 'সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬' নিয়ে সম্পাদকসহ গণমাধ্যমের প্রতিনিধিরা উদ্বেগ প্রকাশ করেছেন। ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর জাতিসংঘ সফর বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে: হুমায়ুন কবির

কীর্তনখোলা ডেস্ক

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমানের অংশগ্রহণ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ২ এর পাতায় দেখুন



'সরকারি দলের আশ্রয়-প্রশ্রয় ছাড়া এত বড় অপকর্ম করার সাহস কেউ করবে না'

কীর্তনখোলা ডেস্ক

রাড্ডায় হামলার বিষয়ে বিরোধীদলীয় নেতা ও আমিরে জামায়াত ডা. শফিকুর রহমান বলেছেন, নিশ্চয়ই সরকারি দলের আশ্রয়-প্রশ্রয় ২ এর পাতায় দেখুন

জাতিসংঘে জনগণের প্রত্যাশা তুলে ধরতে পারেননি প্রধানমন্ত্রী: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, জাতিসংঘের সাধারণ ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়ক

বাসের ধাক্কায় এসএসসি পরীক্ষার্থী তিন বন্ধু নিহত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে ঢাকা-বরিশাল মহাসড়কে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন তিন বন্ধু। চলতি বছর একসঙ্গে এসএসসি পরীক্ষায় অংশ নেওয়া এই তিন কিশোরের আকস্মিক মৃত্যুতে তাদের পরিবার ও পুরো এলাকায় শোকের মাতম চলছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার বামরাইল ইউনিয়নের আটিপাড়া এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত তিন বন্ধু হলেন– উজিরপুর উপজেলার বামরাইল ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের আটিপাড়া গ্রামের তাওহীদ ও সৌরভ এবং ৭ নম্বর ওয়ার্ডের ধামসর গ্রামের মুত্তাকিন। পড়ালেখার পাশাপাশি তারা একে অপরের অত্যন্ত ঘনিষ্ট বন্ধু ছিলেন। একসাথে চলাফেরা করা এই তিন তরুণের এমন করুণ পরিণতি মেনে নিতে পারছেন না স্বজন ও প্রতিবেশীরা। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় ব্যবসায়ী সেলিম সরদার জানান, সন্ধ্যায় ঢাকা থেকে বরিশালগামী একটি মোটরসাইকেলে চড়ে তিন বন্ধু একসঙ্গে যাচ্ছিলেন। পথিমধ্যে আটিপাড়া এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা ঢাকাগামী 'সুরভী পরিবহনের' একটি দ্রুতগামী বাসের সঙ্গে সেটির মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের তীব্রতায় মোটরসাইকেলটি বাসের নিচে চাপা পড়ে ছিটকে যায়। দুর্ঘটনার পর বাসটি ঘটনাস্থল থেকে প্রায় এক কিলোমিটার দূরে গিয়ে থামে এবং সুযোগ বুঝে চালক ও হেলপার পালিয়ে যেতে সক্ষম হন। এই মর্মান্তিক দুর্ঘটনার ফলে ঢাকা-বরিশাল মহাসড়কের উভয় পাশে দীর্ঘ কয়েক কিলোমিটার এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে উজিরপুর মডেল থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং যান চলাচল স্বাভাবিক করে। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ রকিবুল ইসলাম সড়ক দুর্ঘটনায় তিন বন্ধুর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, পুলিশ নিহতের লাশগুলো উদ্ধার করে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য হাইওয়ে ২ এর পাতায় দেখুন

পথকুকুরের উপদ্রব থেকে রক্ষায় 'ডগ শেড' করার উদ্যোগ বিসিসির

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে পথকুকুরের উপদ্রব থেকে নগরবাসীকে সুরক্ষা দিতে 'ডগ শেড' বা কুকুর আশ্রয়কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নিয়েছে বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি)। জনস্বার্থে আগামী মাসের মধ্যেই এই উদ্যোগ বাস্তবায়ন করতে চান সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন। সোমবার বিসিসির মাসিক সাধারণ সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করে বিসিসির প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস জানান, নগরীতে বেওয়ারিশ কুকুরের দাপট আশঙ্কাজনকভাবে বেড়েছে। এতে সাধারণ মানুষের চলাচলে চরম ব্যাঘাত ঘটছে। আইন অনুযায়ী কুকুর নিধন নিষিদ্ধ হওয়ায় বিকল্প হিসেবে একটি আশ্রয়কেন্দ্র গড়ার পরিকল্পনা করা হয়েছে। সভায় প্রশাসক এক সপ্তাহের মধ্যে 'ডগ শেড'-এর জন্য উপযোগী স্থান খুঁজে বের করার নির্দেশ দিয়েছেন। বিসিসির সম্পত্তি কর্মকর্তা নিজস্ব জমি নির্বাচন করার পর ভেটেরিনারি সার্জনের তত্ত্বাবধানে ২ এর পাতায় দেখুন

মাসিক সাধারণ সভায় বক্তৃতা করছেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস জাহার শিরীন-**কীর্তনখোলা**

বরিশাল 'অনলাইনে' শুভেচ্ছাবার্তায় শেখ হাসিনার জন্মদিন পালন

কীর্তনখোলা রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ৮০তম জন্মদিন সোমবার (২৮ সেপ্টেম্বর)। দিনটি উপলক্ষে বরিশাল জেলা ও মহানগরসহ বিভাগের অন্যান্য জেলায় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভার্চুয়াল শুভেচ্ছাবার্তা পোস্ট করেছেন আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে বরিশাল বিভাগের ছয় জেলার শীর্ষ আওয়ামী লীগ নেতাদের অধিকাংশই আত্মগোপনে রয়েছেন কিংবা দেশের বাইরে চলে গেছেন। তবে শেখ হাসিনার জন্মদিন ঘিরে বরিশাল মহানগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এবং সাবেক মেয়র আবুল খায়ের আবদুল্লাহ খোকন সেরনিয়াবাতসহ পটুয়াখালীর সন্তান আওয়ামী লীগের সাবেক কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আফজাল হোসেন নিজ নিজ ফেসবুক পাতায় ২ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে সপ্তম শ্রেণির শিক্ষার্থীর রহস্যজনক মৃত্যু

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জে আবদুল্লাহ (১৩) নামে সপ্তম শ্রেণির এক মাদ্রাসা শিক্ষার্থীর রহস্যজনক মৃত্যু হয়েছে। রোববার (২৭ সেপ্টেম্বর) সন্ধ্যার দিকে উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের শ্যামপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আবদুল্লাহ শ্যামপুর কাদেরিয়া দাখিল মাদ্রাসার সপ্তম শ্রেণির শিক্ষার্থী। সে ওই এলাকার বাসিন্দা সুজন হাওলাদারের ছেলে। স্বজনদের বরাত দিয়ে জানা গেছে, রোববার সন্ধ্যায় সুজন হাওলাদার বাড়ি থেকে পাশের বাজারে যাওয়ার সময় ছেলে আবদুল্লাহর হাতে ২০ টাকা দিয়ে যান। এর কিছুক্ষণ পর পরিবারের সদস্যরা ফোন করে জানান, আবদুল্লাহ গুরুতর অসুস্থ হয়ে পড়েছে। পরে দ্রুত তাকে উদ্ধার করে বাকেরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক ২ এর পাতায় দেখুন

প্রশিক্ষণ ছাড়া বিদেশে না যাওয়ার আহ্বান বিভাগীয় কমিশনারের

কীর্তনখোলা রিপোর্ট

বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে দেশের অর্থনীতিতে প্রবাসীরা রেমিট্যান্স পাঠিয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখলেও বাংলাদেশি শ্রমিকদের দক্ষতা ও কর্মমান আরও উন্নত করা অত্যন্ত জরুরি বলে মন্তব্য করেছেন বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ। তিনি বলেন, অদক্ষ ও অপ্রশিক্ষিত শ্রমিকদের বিদেশি ভাষা, আইন-কানুন ও কর্মপরিবেশ সম্পর্কে যথাযথ ধারণা না থাকায় তারা বিভিন্ন জটিলতার মুখে পড়েন, যার নেতিবাচক প্রভাব দক্ষ ও বৈধভাবে কর্মরত অন্যান্য শ্রমিকদের ওপরও পড়ে। তাই বিদেশ যাওয়ার আগে অভিবাসীদের সংশ্লিষ্ট দেশের ভাষা, আইন-কানুন ও সংস্কৃতি সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের ওপর সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। ২ এর পাতায় দেখুন

বরগুনার সাবেক এমপির ঢাকার বাসা থেকে ছাত্রলীগের ১৫ নেতা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

রাজধানীর উত্তরা ৭ নম্বর সেক্টরে বরগুনা-২ আসনের সাবেক সংসদ সদস্য ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা মো. শওকত হাসানুর রহমান রিমনের বাসা থেকে নিষিদ্ধ ছাত্রলীগের ১৫ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৮ সেপ্টেম্বর) রাতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয় বলে জানা গেছে। ডিএমপির উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. আকতার হোসেন জানান, গ্রেফতার ব্যক্তিদের ওই বাসায় অবস্থানের কারণ এবং তারা সেখানে কোনো ধরনের সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করছিলেন কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। আইনশৃঙ্খলা বাহিনী সূত্রে জানা গেছে, গোপন তথ্যের ভিত্তিতে উত্তরা ৭ নম্বর সেক্টরের ওই বাড়িতে অভিযান চালানো হয়। এসময় সেখানে অবস্থানরত ১৫ জনকে আটক করা ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

মহাসড়কে আইনের পোশাকে চাঁদাবাজি

ঢাকা বরিশাল মহাসড়ক এখন মৃত্যুপুরীর প্রবেশদ্বারে পরিণত হয়েছে। প্রতিদিন এখানে ঘটছে জীবনঘাতি দুর্ঘটনা। কোনো দিন বাস এসে পথচারীকে মেরে দিয়েছে; নয়তো মাহেন্দ্রা-বাস মুখোমুখী, কিংবা বেপরোয়া মোটরসাইকেল চালক ও আরোহী বাস কিংবা ট্রাকের চাকায় পিষ্ট হচ্ছে।

ঢাকা-বরিশাল মহাসড়কে চলতে গিয়ে দেখা যায় মাসে কমপক্ষে দশ দিন কোনো না কোনো যাত্রীবাহী বাস রাস্তার পাশে পড়ে আছে। এ ভাবেও ঘটছে প্রাণহানী। পথচারী, রাস্তার পাশের ব্যবসায়ী কিংবা ভদ্রগোছের মোটরসাইকেল চালকদের ক্ষোভের সাথে বলতে শোনা যায়– রাস্তার বিভিন্ন পয়েন্টে ট্রাফিক পুলিশ দাঁড়ায় বটে, তা মহাসড়কের ব্যবস্থাপনার জন্য না, তাদের মূল কাজ হচ্ছে ট্রাকসহ বিভিন্ন গাড়ি থেকে চাঁদাবাজি। আর আইনের পোশাকে এই চাঁদাবাজি বন্ধ করতে না পারলে কোনো দিনও মহাসড়কের অব্যবস্থাপনা দূর হবে না। কমবে না, মৃত্যুর মিছিল।

বরিশাল নগরীতে বিশেষ অভিযানে গ্রেফতার ১৫

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে গত ২৪ ঘণ্টায় পৃথক অভিযান চালিয়েছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। মহানগর পুলিশের চারটি থানা ও গোয়েন্দা শাখার (ডিবি) পৃথক অভিযানে ৫০০ গ্রাম গাঁজা ও ৯টি ইয়াবা ট্যাবলেট উদ্ধারের পাশাপাশি বিভিন্ন মামলায় মোট ১৫ জনকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) বিএমপির মিডিয়া সেল থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, রোববার (২৭ সেপ্টেম্বর) নগরীর বিভিন্ন এলাকায় বিএমপির চারটি থানা ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারাোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারাোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ঝালকাঠী এনএস কামিল মাদ্রাসার সাবেক শিক্ষার্থীকে হত্যার প্রতিবাদে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

খুলনা নর্থ ওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী ও ঝালকাঠি এন এস কামিল মাদরাসার সাবেক শিক্ষার্থী আজমুল হোসেন (২২) হত্যার প্রতিবাদে এবং হত্যাকাণ্ডে জড়িতদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বরিশালে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় নগরীর টাউন হলের সামনে এ মানববন্ধনের আয়োজন করে ঝালকাঠি এন এস কামিল মাদরাসার সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের সংগঠন 'শিক্ষার্থী পরিবার'। মানববন্ধনে বক্তারা বলেন, গত ১৮ সেপ্টেম্বর শুক্রবার রাতে খুলনা বিশ্ববিদ্যালয়ের খান জাহান আলী হলের বিপরীত পাশে ইসলামনগর/ছোট রোডের মসজিদ গলির একটি মেসে রাতে মিল না দিয়ে ভাত খাওয়াকে কেন্দ্র করে আজমুল হোসেনের বিরুদ্ধে চুরির অভিযোগ তোলা হয়। পরে তাকে নির্মমভাবে মারধর করা হয়। একপর্যায়ে কয়েকজন মেস শিক্ষার্থী ও বহিরাগত সন্ত্রাসী তাকে মেসের ছাদে নিয়ে নৃশংসভাবে নির্যাতন চালায়। তাকে মারধরের পাশাপাশি শারীরিক নির্যাতন করে চুল কেটে দেওয়া হয় এবং পরবর্তীতে চারতলা ভবনের ছাদ থেকে ফেলে দেওয়া হয় ২ এর পাতায় দেখুন

তেলের মূল্য বৃদ্ধির প্রভাবে বরিশালে সবজি-মাছের চড়া দাম

কীর্তনখোলা রিপোর্ট

তেলের দাম বৃদ্ধির প্রভাবে বরিশালে চড়া মূল্যে বিক্রি হচ্ছে সব ধরনের সবজি। এমন অবস্থায় বিড়ম্বনায় পড়েছেন সাধারণ ক্রেতারা। ব্যবসায়ীদের দাবি, পরিবহন খরচ বৃদ্ধি পাওয়ায় সবজির দাম বেড়েছে। এদিকে মাছ বাজার ঘুরেও দেখা গেছে, আগের মতোই চড়া দাম। সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেটে পাইকারি সবজির বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত এক সপ্তাহ ধরে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রত্যাবাসন নিশ্চিত করুন

দিন দিন জটিল হচ্ছে রোহিঙ্গা সংকট। সময় যত যাচ্ছে, ততই এই সংকটের ডালপালা বিস্তার করছে। কক্সবাজারের মতো ছোট্ট একটি জেলায় বছরের বছর ধরে অতিরিক্ত লাখ লাখ লোকের ভার বহন করা কম কথা নয়। পরিবেশ বিপর্যয়ের পাশাপাশি সাম্প্রতিক সময়ে রোহিঙ্গাদের ঘিরে যেসব খবর আসছে তা অত্যন্ত উদ্বেগের। মাদক, খুনখারাবিসহ হেন কোনো অপরাধ নেই, সেখানে হচ্ছে না। এমনকি বেশ কয়েকটি চক্র সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত রয়েছে। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী তারেক রহমান যুক্তরাষ্ট্র সফরে রোহিঙ্গা সংকট সমাধানে পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেছেন, যা সময়োপযোগী বলে মনে করছে পর্যবেক্ষক মহল। খবরে বলা হয়, গত বুধবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে রোহিঙ্গা সংকট বিষয়ক উচ্চ পর্যায়ের পার্শ্ববৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে প্রধানমন্ত্রী তারেক রহমান রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিত করতে আন্তর্জাতিক ও আঞ্চলিক অংশীজনদের একটি সুস্পষ্ট ও বিশ্বাসযোগ্য রোডম্যাপ প্রণয়নের আহ্বান জানান। পাশাপাশি তিনি রোহিঙ্গাদের নিজভূমিতে মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা, সহিংসতা বন্ধ, পর্যাপ্ত ও পূর্বানুমেয় মানবিক সহায়তা অব্যাহত রাখা, ন্যায়বিচার ও জবাবদিহি নিশ্চিত করা এবং আন্ত সীমান্ত অপরাধ মোকাবেলায় আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের জন্য পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেন। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। গুরুত্বপূর্ণ এ সফরে তিনি বিশ্বদরবারের সামনে রোহিঙ্গা সংকটের বিভিন্ন দিক তুলে ধরেন। বুধবারের বৈঠকে শীর্ষস্থানীয় জনহিতকর ও মানবিক সহায়তা সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। এর মধ্যে গেটস ফাউন্ডেশন, ভিসা ফাউন্ডেশন, রকফেলার ফাউন্ডেশন, ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (আইআরসি), রোটারি ইন্টারন্যাশনালসহ কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা ছিলেন। সেখানে প্রধানমন্ত্রী বলেন, 'দীর্ঘস্থায়ী অনিশ্চয়তা ও হতাশা নতুন নতুন চ্যালেঞ্জ ও নিরাপত্তাঝুঁকি তৈরি করছে। এর মধ্যে রয়েছে মানবপাচার, অবৈধভাবে অভিবাসী পাচার, মাদকপাচার এবং অন্যান্য আন্তর্দেশীয় অপরাধ। কেউ কেউ জীবনের ঝুঁকি নিয়ে নৌকায় করে মালয়েশিয়ার উদ্দেশে পাড়ি দিচ্ছেন।' জাতিগত সহিংসতার শিকার হয়ে ২০১৭ সালে কয়েক দিনেই প্রায় ১২ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়। দীর্ঘ ৯ বছরে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১৫ লাখে। এই সময়ের মধ্যে একজন রোহিঙ্গাকেও নিজ দেশে ফেরানো যায়নি। অথচ রোহিঙ্গা প্রত্যাবাসনে নানা সময় তোড়জোড় দেখা গেছে। এর আগে জাতিসংঘ মানবাধিকার পরিষদ রোহিঙ্গাদের প্রত্যাবাসনসংক্রান্ত প্রস্তাব গ্রহণ করে এবং সেই প্রস্তাব জেনেভায় পরিষদে ৫৬তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়ে। কিন্তু বাস্তবতা হলো বড়ই হতাশাজনক। কার্যত রোহিঙ্গা প্রত্যাবাসনে কোনো ধরনের অগ্রগতি দৃশ্যমান হয়নি। সবচেয়ে লক্ষণীয় বিষয় হলো, এ নিয়ে মিয়ানমার কোনো পদক্ষেপই নিচ্ছে না। অথচ মূল সংকট তাদেরই। প্রধানমন্ত্রী যথার্থই বলেছেন, 'এই সংকটের উৎপত্তি মিয়ানমারে। এর সমাধানও মিয়ানমারেই নিহিত। দুঃখজনকভাবে রাখাইন রাজ্যের অভ্যন্তরীণ পরিস্থিতি এখনো গভীরভাবে উদ্বেগজনক।' আমরা মনে করি, প্রত্যাবাসনের উপযুক্ত পরিবেশ তৈরি করতে মিয়ানমারের ওপর আরো আন্তর্জাতিক চাপ সৃষ্টি করা প্রয়োজন। কেননা প্রত্যাবাসন ছাড়া এই সংকট সমাধানের আর কোনো বিকল্প পথ নেই। এ পরিস্থিতিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রস্তাবগুলো আন্তর্জাতিক মহলে গৃহীত হোক এবং সেই অনুযায়ী বাস্তবায়ন হোক–এটাই কাম্য।

সাইবার সুরক্ষা আইন

তবে আইনটি কোনোভাবেই নিপীড়নমূলক আইনে পরিণত হতে দেওয়া হবে না এবং কোনো সাংবাদিক বা গণমাধ্যম যেন এর শিকার না হয়, সে বিষয়ে সরকার সর্বোচ্চ সতর্ক রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, সমাজের বিভিন্ন অংশীজনের মতামত ও বিস্তৃত আলোচনার ভিত্তিতেই আইনটি চূড়ান্ত করা হবে। সোমবার বাংলাদেশ সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে প্রস্তাবিত আইনের খসড়া পর্যালোচনায় গণমাধ্যমের অংশীজনদের সঙ্গে কনসালটেশন সভা শেষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। ব্রিফিংয়ে মানবজমিনের প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী, ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম, অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্সের (অ্যাটকো) মহাসচিব ও একুশে টেলিভিশনের চেয়ারম্যান আব্দুস সালাম এবং জাতীয় প্রেসক্লাবের সভাপতি হাসান হাফিজ বক্তব্য দেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাইবার সিকিউরিটি অ্যাক্ট সংশোধনের খসড়া ইতিমধ্যে মন্ত্রিসভায় উপস্থাপন করা হয়েছিল। মন্ত্রিসভা সাইবার স্পেসে কর্মরত আইটি বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে বিস্তৃত আলোচনা ও পরামর্শের নির্দেশ দিয়েছে। এর ধারাবাহিকতায় সমাজের বিভিন্ন স্তরের মতামত নেওয়ার জন্য খসড়াটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান, মানবাধিকার সংগঠন, শিক্ষার্থী ও সাইবার স্পেস ব্যবহারকারীরা মতামত দিয়েছেন। সেগুলো সরকার সংকলন করেছে। মন্ত্রী বলেন, গণমাধ্যমের সম্পাদক, প্রতিনিধি, সাংবাদিক সংগঠন ও পেশাজীবীদের সঙ্গে এটি সরকারের দ্বিতীয় বৈঠক। সভায় গণমাধ্যমকে আইনের অপপ্রয়োগ থেকে সুরক্ষা দিতে প্রয়োজনীয় 'সেভিং ক্লজ' রাখার প্রস্তাব এসেছে। সরকার এ প্রস্তাব গ্রহণ করেছে। তিনি বলেন, 'আমরা মিডিয়াকে টার্গেট করে এই আইন করতে চাইনি এবং চাই না। কোনো সাংবাদিক যেন এই আইনের অপপ্রয়োগের শিকার না হন, সেটিই আমাদের মূল লক্ষ্য।' সাংবাদিকের বিরুদ্ধে পদক্ষেপ বা গ্রেপ্তারের আগে আদালতের পূর্বানুমতি নেওয়া বাধ্যতামূলক করার প্রস্তাবও সভায় এসেছে জানিয়ে মন্ত্রী বলেন, সরকার এটিকে উপযুক্ত ও যুক্তিযুক্ত মনে করেছে। আগামী ১৫ দিনের মধ্যে অংশীজনদের কাছ থেকে আনুষ্ঠানিক সুপারিশ পাওয়ার পর তা বিলে অন্তর্ভুক্ত করা হবে। মামলা বা আপিল নিষ্পত্তিতে অনির্দিষ্টকাল ধরে কাউকে ঝুলিয়ে না রাখার জন্য নির্দিষ্ট সময়সীমা রাখার সিদ্ধান্তও হয়েছে।

জাতিসংঘে জনগণের প্রত্যাশা

অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেওয়া বক্তব্যে জনগণের আশা-আকাঙ্ক্ষা উঠে আসেনি। বিশ্বমঞ্চে বাংলাদেশের সংকট ও জনগণের প্রত্যাশার বিষয়গুলোও তিনি যথাযথভাবে তুলে ধরতে পারেননি। সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে দলের কার্যালয়ে বিদ্যমান আইনশৃঙ্খলা পরিস্থিতির ভয়াবহ অবনতি, স্থানীয় সরকার নির্বাচনসহ সার্বিক বিষয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান জাতিসংঘ সফর করলেন এবং দেশে ফিরে এলেন। জাতিসংঘে সেখানে একটি বক্তৃতা দিয়েছেন জাতিসংঘের সাধারণ অধিবেশনে নির্বাচিত সরকার আসার পরে এটি আন্তর্জাতিকমণ্ডলে, আন্তর্জাতিক বিশ্বমঞ্চে দেশকে প্রতিনিধিত্ব করা দেশের চাওয়া পাওয়া প্রত্যাশা তুলে ধরার প্রথম একটি সুযোগ বা প্লাটফর্ম ছিল জাতিসংঘের অধিবেশন। 'কিন্তু জাতিসংঘে যে বক্তব্য তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দিয়েছেন আমরা মনে করি যে, জনগণের প্রত্যাশা সেখানে উঠে আসেনি, জনগণের আশা আকাঙ্ক্ষা উঠে আসেনি। সেখানে তিনি তার দলীয় যে ইশতেহার যে অ্যাজেন্ডা, ফ্যামিলি কার্ড এই ধরনের অনেক কিছু বলেছেন। যেটা অলরেডি এই প্রকল্পগুলো দেশে ব্যর্থ প্রমাণিত হয়েছে। ফ্যামিলি কার্ডের মাধ্যমে দারিদ্র্য, দুর্বলদের কথা ছিল, কর্মসংস্থানের কথা ছিল। এগুলো কিছুই হয়নি। ফ্যামিলি কার্ডের নামে হরিলুট হয়েছে। ফ্যামিলি কার্ডের নামে দলীয় লোকরা ফ্যামিলি কার্ড পাচ্ছে। যত ধরনের কার্ড হয়েছে এগুলো সব দলীয় কার্ডের পরিণত হয়েছে।' তিনি বলেন, আমাদের দেশের অভ্যন্তরীণ বিষয় ছিল। এটা নিয়ে আমরা দেশে সমালোচনা করি। কিন্তু এটা বিশ্বমঞ্চে বলার কিছু নেই। আমাদের বিশ্বমঞ্চে বলার যে বিষয়গুলো ছিল উনি একটাও ঠিকমত অ্যাড্রেস করেননি। নাহিদ ইসলাম বলেন, আমাদের এই মুহূর্তে জ্বালানি সংকট চলছে। এটার জন্য ওনারাই বলেন যে মধ্যপাচ্যের সংকট বা যুদ্ধটা দায়ী। আমরা জ্বালানি পাচ্ছি না। একটা উন্নয়নশীল দেশ হিসেবে আমাদের যে সাফার করতে হচ্ছে। তাহলে সেই বিষয়টা উনি ঠিকমত তুলে ধরেননি। সেখান থেকে বাংলাদেশ কীভাবে পরিত্রাণ পেতে পারে, আন্তর্জাতিক মহল যাতে এটাতে উদ্যোগ নেয়। যাতে জাহাজগুলো আসতে পারে, বাংলাদেশ যাতে জ্বালানি পায়, সে বিষয়ে উনি কিন্তু আন্তর্জাতিকমণ্ডলের সবার সামনে তুলে ধরতে পারতেন। তিনি আরো বলেন, ভারতে গণহত্যাকারী শেখ হাসিনাকে আশ্রয় দেওয়া হয়েছে। যেখান থেকে শেখ হাসিনার অবৈধ সরকারের যারা নেতাকর্মী সেখানে যাদের অবস্থান রয়েছে, তারা সেখানে দলীয় কার্যক্রম চালাচ্ছে, সেখানে প্রেস বিফ্রিং করছে। দিল্লি সরকার এটা হতে দিচ্ছে। সেই বিষয় নিয়ে প্রধানমন্ত্রী হিসেবে কিন্তু তিনি বিশ্বমঞ্চে বলতে পারতেন। দিল্লির যে আগ্রাসী রূপ এবং বাংলাদেশকে অস্থিতিশীল করার চেষ্টা, বাংলাদেশের গণতন্ত্র এবং বিচার ব্যবস্থাকে যে বৃদ্ধাঙ্গুলি দেখাচ্ছেন ভারত সরকার সে বিষয়ে কিন্তু তিনি বলতে পারতেন, তিনি বলেননি।

সরকারি দলের আশ্রয়-প্রশ্রয়

ছাড়া এত বড় অপকর্ম করার সাহস কেউ করবে না। গাছের গোড়া কেটে মাথায় পানি দেবেন, এটা জনগণ দেখতে চায় না। সর্প হয়ে দংশন করা, ওঝা হয়ে ঝাড়ার নাটক আমরা দেখতে চাই না। আমরা দেখতে চাই, অপরাধী যেই হোক, তাকে যেন আইনের আওতায় আনা হয়। সোমবার (২৮ সেপ্টেম্বর) ক্ষতিগ্রস্ত এমসিএইচ-এফপি সেন্টার পরিদর্শন শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। রাজধানীর মিরপুরের রাড্ডার এমসিএইচ-এফপি সেন্টারে সন্ত্রাসীদের হামলা, ভাঙচুর ও ব্যাপক লুটপাটের ঘটনায় জড়িতদের দ্রুত খুঁজে বের করে আইনের আওতায় এনে কঠোর শাস্তির দাবি জানান তিনি। ডা. শফিকুর রহমান বলেন, সরকারের পক্ষ থেকে আর যেন কোনোদিন কোনো দুর্বৃত্ত এসে এখানে হাত দিতে না পারে, তার যথাযথ ব্যবস্থা করতে হবে। আর যে দুর্বৃত্তরা এই কাজ করেছে, তাদেরকে দ্রুত খুঁজে বের করে আইনের আওতায় আনতে হবে। তাদেরকে এমন শাস্তি দিতে হবে যেন ভবিষ্যতে কেউ আর এই ধরনের সামাজিক অপকর্ম করার সুযোগ না পায়। স্বাস্থ্যসেবার বিষয়ে তিনি বলেন, সরকার একদিকে বলবে, জনগণের দুয়ারে দুয়ারে আমরা স্বাস্থ্যসেবা পৌঁছে দেব। আবার যেখানে সেখানে গিয়ে ডাক্তারদেরকে, নার্সদেরকে, হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীদেরকে অপমান করবে। এ দিয়ে উনারা স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পারবে না। তিনি বলেন, এখন স্বাস্থ্যসেবায় বিদ্যমান কাঠামোতে যে জনবল থাকা দরকার, তার অর্ধেক নেই। সেই অর্ধেক জনবল নিয়ে কুড়িয়ে কুড়িয়ে আমাদের স্বাস্থ্যসেবা চলছে। সুতরাং সব জায়গায় সরকারকে অবশ্যই মানবিক, যৌক্তিক আচরণ করতে হবে। আর এই সমস্ত দুর্বৃত্তায়ন বন্ধ করতে হবে। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে জামায়াত আমির বলেন, আমরা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে খুবই উদ্বিগ্ন। এই তিন-চার দিনে রাজধানী ঢাকায় শুধু ডাকাতি ঘটে গেল। মোহাম্মদপুরে একটা বাড়ি দখলের জন্য দিনের বেলা চাপাতি এবং অস্ত্র হাতে একদল দুর্বৃত্ত হানা দিল। তাদেরকে এখনো ধরা সম্ভব হয়নি। বাড়ির লোকগুলো এখনো ঘর থেকে নিরাপত্তাহীনতার কারণে বের হয়ে আসতে পারছেন না। তিনি বলেন, আবার আমরা দেখলাম, এখানে ইসিবি চত্বরে একটা স্টুডিওতে হামলা করা হলো। একজন জুলাই যোদ্ধার স্টুডিওতে হামলা করে একদম গুঁড়িয়ে দেওয়া হলো। ইনিয়ে-বিনিয়ে বলা হচ্ছে, চাঁদা চাওয়ার জন্য হয়নি, জমিজমার সমস্যা নিয়ে হামলা হয়েছে। জমিজমার সমস্যা নিয়ে রাত দুইটার সময়, একটার সময় হানা দেওয়ার বিধান সংবিধান-কানুনে কোথায় আছে? ডা. শফিকুর রহমান বলেন, যদি কেউ কোনো অপরাধ করে, তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার যথাযথ পন্থা আছে। তাই বলে কারো সম্পদের ওপর এই ধরনের গুন্ডারা, সন্ত্রাসীরা হাত দেবে, তার কোনো সুযোগ নাই।

প্রধানমন্ত্রীর জাতিসংঘ সফর

আত্মবিশ্বাস, সম্মান ও মর্যাদাকে এক নতুন উচ্চতায় উন্নীত করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। সোমবার ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন ও নিউইয়র্ক সফরের সার্বিক অগ্রগতি সাংবাদিকদের তুলে ধরে এ কথা বলেন প্রতিমন্ত্রী। নতুন নির্বাচিত সরকারের প্রথম জাতিসংঘ সফর হওয়ায় এবারের সফরটি বিশেষ গুরুত্ব বহন করে বলে উল্লেখ করেন তিনি। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দীর্ঘ সময় পর জনগণের বিপুল গণরায়ে নির্বাচিত একজন প্রধানমন্ত্রী বৈশ্বিক মঞ্চে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন। এই সফরের মধ্য দিয়ে বিদেশের মাটিতে দেশের আত্মবিশ্বাস, সম্মান ও মর্যাদা বহুগুণ বৃদ্ধি পেয়েছে। এটি ছিল আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের অভূতপূর্ব এবং অত্যন্ত দৃশ্যমান একটি সক্রিয় অংশগ্রহণ। সংবাদ সম্মেলনে জানানো হয়, ২১ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নিউইয়র্কে পৌঁছান এবং চার দিনের সফরে মোট ৩০টি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক কর্মসূচিতে অংশ নেন। এর মধ্যে ছিল জাতিসংঘের সাধারণ পরিষদে ভাষণ প্রদান, ৭টি উচ্চপর্যায়ের বৈঠকে মূল বক্তব্য উপস্থাপন, ১১টি দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক এবং ১০টি শীর্ষ আন্তর্জাতিক সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক। ২৪ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে বাংলায় দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশের সাম্প্রতিক গণতান্ত্রিক রূপান্তর এবং তাঁর সরকারের 'পুনরুদ্ধার, পুনর্গঠন ও পুনর্বাসন'-সংক্রান্ত সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা তুলে ধরেন। এ ছাড়া নারী ও যুব সমাজের ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তাব্যবস্থা, শিক্ষা ও প্রযুক্তি খাতের উন্নয়ন এবং স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের পর আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তার কথাও তিনি তুলে ধরেন। প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেন, প্রধানমন্ত্রী তাঁর ভাষণে রোহিঙ্গা শরণার্থীদের মিয়ানমারে দ্রুত, সম্মানজনক ও টেকসই প্রত্যাবাসনের জোর দাবি জানান। একই সঙ্গে ফিলিস্তিন ইস্যু, ক্লাইমেট জাস্টিস, উন্নয়ন অর্থায়ন, প্রযুক্তি হস্তান্তর এবং জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবদানের কথা পুনর্ব্যক্ত করেন।

বরগুনার সাবেক এমপির

হয়। পরে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়। গ্রেফতার ব্যক্তিদের পরিচয় ও তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ সম্পর্কে বিস্তারিত তথ্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি। শওকত হাসানুর রহমান রিমন ২০১৪ ও ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে বরগুনা-২ আসন থেকে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে সংসদ সদস্য নির্বাচিত হন।

বরিশাল নগরীতে বিশেষ

ও গোয়েন্দা পুলিশের বিশেষ আভিযানিক টিম পৃথক অভিযান পরিচালনা করে। অভিযানে ৫০০ গ্রাম গাঁজা ও ৯টি ইয়াবা ট্যাবলেটসহ তিনজনকে গ্রেফতার করা হয়। এছাড়া গ্রেফতারি পরোয়ানায় দুইজন, নিয়মিত মামলায় তিনজন এবং অন্যান্য আইনে আরও তিনজনকে গ্রেফতার করা হয়েছে। এ ছাড়া বরিশাল মহানগর অধ্যাদেশে চারজনকে গ্রেফতার করা হয়। সব মিলিয়ে গত ২৪ ঘণ্টায় বিভিন্ন অভিযোগ ও মামলায় মোট ১৫ জনকে গ্রেফতার করেছে বিএমপি। বিএমপি জানিয়েছে, মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং অপরাধ দমনে নিয়মিত ও বিশেষ অভিযান অব্যাহত থাকবে। মাদকসংক্রান্ত কোনো তথ্য থাকলে বিএমপির নির্ধারিত নম্বরে জানানোর অনুরোধ করা হয়েছে। তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে বলে জানিয়েছে পুলিশ।

বরিশাল 'অনলাইনে' শুভেচ্ছাবার্তায়

জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে পোস্ট দিয়েছেন। আগৈলঝাড়ায় সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহর পোস্টার ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করতে দেখা গেছে তার অনুসারীদের। মাঠে সরাসরি কোনো রাজনৈতিক কর্মসূচি না থাকলেও ভার্চ্যুয়াল মাধ্যমে দলটির এমন সক্রিয়তা নিয়ে প্রশ্ন তুলেছে স্থানীয় রাজনৈতিক মহল। মাঠের রাজনীতি ছেড়ে দলটি ফেসবুকেই সীমাবদ্ধ হয়ে পড়েছে কি না - এমন আলোচনা চলছে। এ বিষয়ে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ জানান, ব্যক্তিগত অ্যাকাউন্টে যে কেউ শুভেচ্ছা জানাতেই পারে। তবে নিষিদ্ধ সংগঠনের তকমা বা কোনো অপতৎপরতা যাতে চালানো না যায়, সে ব্যাপারে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিএনপির নেতা-কর্মীরা সচেতন রয়েছেন। একই সুর মিলিয়ে বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার জিয়া বলেন, জনগণ প্রত্যাখ্যান করায় আওয়ামী লীগের মাঠে কোনো অবস্থান নেই; তাই ফেসবুকই এখন তাদের ভরসা। এ বিষয়ে বরিশাল বিভাগের রেঞ্জ ডিআইজির সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

পথ কুকুরের উপদ্রব

ওই শেডে কুকুরগুলোকে লালন-পালন করা হবে। এ বিষয়ে বিসিসির ভেটেরিনারি সার্জন ডা. রবিউল ইসলাম জানান, ডগ শেডের স্থান হিসেবে নগরীর আমানতগঞ্জ কিংবা বেলতলা এলাকাকে প্রাধান্য দেওয়া হচ্ছে। তিনি বলেন, 'সম্প্রতি নগরীর ৪ হাজার ৫২৮টি পথকুকুরকে জলাতঙ্কের টিকা দেওয়া হয়েছে। সে হিসাবে ধারণা করা হচ্ছে, নগরীতে কুকুরের সংখ্যা ৫ হাজারের বেশি হতে পারে।' প্রসঙ্গত, বরিশাল নগরীর নবগ্রাম রোড, সার্কুলার রোড, নথুল্লাবাদ, বটতলা, কাশিপুর, রূপাতলী, কলেজ রোডসহ বিভিন্ন এলাকায় পথকুকুরের সংখ্যা উল্লেখযোগ্য হারে বেড়েছে। বিশেষ করে রাতে দলবদ্ধ কুকুর পথচারী ও যানবাহন লক্ষ্য করে তাড়া করায় পথচলা ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। নগরবাসীর দীর্ঘদিনের এই দুর্ভোগ নিরসনেই বিসিসি এমন উদ্যোগ নিয়েছে।

বাসের ধাক্কায়

পুলিশের কাছে হস্তান্তর করেছে। একসাথে বেড়ে ওঠা তিন ঘনিষ্ট বন্ধুর এমন আকস্মিক প্রয়াণে পুরো এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

তেলের মূল্য বৃদ্ধির

৮০-১১০ টাকা কেজি দরে বিক্রি হয়েছে। পটল ৬০-৭০, ঢেঁড়স ৪০-৫৫, চিচিঙ্গা ৬০ থেকে ৭০, ধুন্দল ৬০, ঝিঙা ৮০, করলা ৫০-৬০, বেগুন ৭০-৮০, বাঁধাকপি ৬০, বরবটি ৮০, লাউ ৩০-৪০ এবং পেঁপে ৪০-৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পাকা মিষ্টি কুমড়া ৫০-৬০ টাকা, কাঁকরোল ৬০ থেকে ৮০ টাকা এবং কচুর লতি ৫০-৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এদিকে শীতকালীন সিম ১২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব সবজি খুচরা বাজারে ১০ থেকে ৫০ টাকা বেশি দামে বিক্রি করতে দেখা গেছে। এমন অবস্থায় বাজারে গিয়ে বিপাকে সাধারণ ক্রেতারা। নগরীর বাংলাবাজারে আসা ক্রেতা সোহাগ বলেন, কিছুদিন আগেও সবজির দাম নাগালের মধ্যে ছিল, এখন আবার তেলের দোহাই দিয়ে সব ধরনের সবজির দাম বৃদ্ধি পেয়েছে। গত সপ্তাহে কাঁচামরিচ ছিল ৮০ টাকা, এখন ১২০ টাকা কেজি কিনেছি। বাজার মনিটরিং না থাকার কারণে এমন দাম বৃদ্ধি পাচ্ছে। আরেক ক্রেতা রিপন বলেন, ক'দিন আগেও সব ধরনের সবজির দাম ৫০ থেকে ৭০ টাকার নিচে বিক্রি হয়েছে, এখন কোনো সবজি ১০০ টাকার নিচে নেই। আস্তে আস্তে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। এদিকে ব্যবসায়ীদের দাবি, হঠাৎ করেই তেলের দাম বৃদ্ধি পাওয়ায় সবজির দামে প্রভাব পড়েছে। বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারে শুভ নামের এক ব্যবসায়ী বলেন, কিছু দিন বৃষ্টির কারণে বীজতলা তলিয়ে যাওয়ায় সবজির ব্যাপক ক্ষতি হয়েছে। এখন আবার তেলের মূল্য বৃদ্ধির কারণে সবজির দামে প্রভাব পড়েছে। একই চিত্র নগরীর পোর্টরোড পাইকারি মাছবাজারেও। নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ৮০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। ফরহাদ নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে পারছি না। আরেক ক্রেতা জহির বলেন, এখন সাধারণ মানুষের পক্ষে ভালো কোনো জাতের মাছ কেনা সম্ভব নয়। আর ইলিশতো এখন স্বপ্ন। আগে এক হাজার টাকা নিয়ে বাজারে এলে মাছ-সবজি দুটোই কেনা যেতো, এখন এক হাজার টাকায় এক ধরনের মাছই কিনতে পারা যায় না। তাই সাধ্যের মধ্যে দুই কেজি পাঙ্গাশ মাছ কিনেছি। এদিকে দীর্ঘদিন ধরেই প্রতি কেজি ব্রয়লার ১৬৫ টাকা, লেয়ার ৩৬৫, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। পাশাপাশি অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দামও।

ঝালকাঠী এনএস কামিল মাদ্রাসার সাবেক

বলে অভিযোগ করা হয়। গুরুতর আহত অবস্থায় আজমুলকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকদের প্রাথমিক পর্যবেক্ষণে তার শরীরের বিভিন্ন স্থানে অসংখ্য আঘাতের চিহ্ন পাওয়া যায় এবং অতিরিক্ত রক্তক্ষরণ হয়েছিল বলে জানানো হয়। মানববন্ধনে বক্তারা আরও বলেন, ঘটনার রাতে আজমুলের পরিবারের ভাষ্য অনুযায়ী, তার ফোনে একজন ফোন করে এক লাখ টাকা দাবি করেন। ওই সময় আজমুল বাড়িতে অবস্থান করলেও তাকে ফোন করে মেসে ডেকে নেওয়া হয়। এরপরই পরিকল্পিতভাবে হত্যাকাণ্ডের ঘটনা ঘটে বলে অভিযোগ পরিবারের। এ ঘটনায় আজমুলের বাবা কুতুব উদ্দিন চারজনের নাম উল্লেখ করে এবং আরও ২০-২৫ জনকে অজ্ঞাতনামা আসামি করে হরিণটানা থানায় মামলা দায়ের করেন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, এ ঘটনায় চারজনকে গ্রেফতার করা হয়েছে। তবে মূল আসামি ও হত্যার পরিকল্পনাকারীরা এখনও পলাতক রয়েছেন বলে অভিযোগ করেন মানববন্ধনকারীরা। মানববন্ধন থেকে হত্যাকাণ্ডে জড়িত সব আসামিকে অবিলম্বে গ্রেফতার, সুষ্ঠু তদন্তের মাধ্যমে হত্যার মূল রহস্য উদঘাটন এবং দ্রুত বিচার সম্পন্ন করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়।

প্রশিক্ষণ ছাড়া বিদেশে না যাওয়ার

সোমবার বরিশাল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এবং মহিলা টিটিসি'র যৌথ উদ্যোগে আয়োজিত 'নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বরিশাল জেলা প্রশাসক মো. মামুন খন্দকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিভাগীয় কমিশনার আরও বলেন, বৈধ ও সঠিক প্রক্রিয়ায় বিদেশে যাওয়ার পর কোনো কর্মী বিপদে পড়লে তাকে সহায়তার নানা সুযোগ থাকে। এমনকি কোনো শ্রমিকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে তার পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডসহ সরকারের পক্ষ থেকে বিভিন্ন আর্থিক সহায়তা দেওয়া হয়। সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, প্রতিবছর বিপুলসংখ্যক মানুষ কাজের উদ্দেশ্যে বিদেশে গেলেও তাদের একটি অংশ এখনও অবৈধ ও ঝুঁকিপূর্ণ পথ বেছে নেয়। অদক্ষ হয়ে বিদেশে গেলে যেমন ব্যক্তি ও তার পরিবার ক্ষতিগ্রস্ত হয়, তেমনি দেশের ভাবমূর্তিও ক্ষুণ্ন হয়। অনেকে জীবনের চরম ঝুঁকি নিয়ে অবৈধভাবে নৌপথে সাগর পাড়ি দিয়ে ইউরোপে প্রবেশের চেষ্টা করেন, যা অনেক সময় মর্মান্তিক পরিণতি ডেকে আনে। তিনি উল্লেখ করেন, দক্ষতার অভাবেই বর্তমানে মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে বাংলাদেশি শ্রমিকদের চাহিদা ক্রমান্বয়ে কমছে। জেলা প্রশাসক আরো বলেন, নিরাপদ অভিবাসন ও দক্ষ জনশক্তি গড়ে তুলতে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে সরকারের বহুমুখী প্রকল্প চালু রয়েছে। এসব প্রকল্পের মাধ্যমে যুবসমাজকে বিভিন্ন পেশায় দক্ষ করে তোলা হচ্ছে। সেমিনারে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন–জেলা মৎস্য কর্মকর্তা ড. মো. হাদিউজ্জামান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরবি) বরিশালের উপপরিচালক মোহাম্মদ হান্নান মিয়া, বরিশাল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ প্রকৌশলী মো. গোলাম কবির এবং মহিলা টিটিসি'র অধ্যক্ষ আহমেদ আল ইমরান প্রমুখ।

হিজলার বাহেরচর মাদ্রাসায় সবক ও অরিয়েন্টেশন ক্লাসের শুভ উদ্বোধন

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান- বাহেরচর ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় আলিম ১ম বর্ষের শিক্ষার্থীদের সবক ও অরিয়েন্টেশন ক্লাসের শুভ উদ্বোধন রবিবার সকাল ১০ টায় মাদ্রাসার আলিম ১ম বর্ষ ক্লাসে মহাগ্রন্থ আল কুরআন তেলাওয়াতের মাধ্যমে আরম্ভ হয়। প্রোগ্রামে উদ্বোধনী বক্তব্য রাখেন মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ ও অনুষ্ঠানের সভাপতি- মাওলানা আল মামুন। তিনি বক্তব্যে নবীন শিক্ষার্থীদেরকে সু-শিক্ষায় শিক্ষিত হয়ে জাতী ও দেশ গঠনে অবদান রাখতে এখন থেকে অধ্যয়নে মনোযোগী হওয়ার আহবান জানান। এরপর নবীন শিক্ষার্থীদেরকে ফুল দিয়ে বরণ করেন মাদ্রাসার আলিম ২য় বর্ষের শিক্ষার্থীবৃন্দ। পারস্পরিক পরিচয় শেষে শিক্ষকদের মধ্য থেকে সহকারী অধ্যাপকবৃন্দ এবং মাদ্রাসার সম্মানিত ভাইস প্রিন্সিপাল - মাওলানা মো: রুহুল আমীন বক্তব্য রাখেন। অভিভাবকদের মধ্য থেকে বক্তব্য রাখেন- দিঘিরপাড় মাদ্রাসার সম্মানিত সুপার- মাওলানা আবুল কালাম আজাদ। অবশেষে নবীন শিক্ষার্থীদেরকে নতুন বর্ষের কিতাব প্রদান শেষে সবক প্রদান করেন- ভাইস প্রিন্সিপাল- মাওলানা মো: রুহুল আমীন। সবক প্রদান শেষে সংক্ষিপ্ত দোয়া-মুনাজাতের মাধ্যমে প্রোগ্রাম সমাপ্ত হয়। প্রোগ্রাম সঞ্চালনা করেন- সহকারী অধ্যাপক মাওলানা ওমর ফারুক।

বাকেরগঞ্জে সপ্তম শ্রেণির

পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। এদিকে স্থানীয় একটি সূত্রের দাবি, আবদুল্লাহ গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। তবে বিষয়টি এখনো পুলিশ বা অন্য কোনো দায়িত্বশীল কর্তৃপক্ষের পক্ষ থেকে নিশ্চিত করা হয়নি। মাত্র ১৩ বছর বয়সী এক শিশুর এমন মৃত্যু ঘিরে এলাকায় নানা প্রশ্ন ও আলোচনা তৈরি হয়েছে। বাকেরগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) পলাশ সরকার জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়া গেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

অক্টোবরে সব উপজেলা কমিটি গঠনের সিদ্ধান্ত এনসিপির

কীর্তনখোলা ডেস্ক

আগামী অক্টোবরের মধ্যে দেশের সব উপজেলা কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। একই সঙ্গে রাজনৈতিক পর্ষদসহ কেন্দ্রীয় কমিটি পুনর্গঠন ও দায়িত্ব বণ্টনের রূপরেখা চূড়ান্ত করা হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে এনসিপির সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম রাজনৈতিক পর্ষদের বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে স্থানীয় সরকার নির্বাচন নিয়ে দলের কৌশলগত বিষয়গুলো আলোচনা হয়। এ সময় জানানো হয়, এরইমধ্যে দেশের সব জেলায় এনসিপির জেলা কমিটি গঠনের কাজ সম্পন্ন হয়েছে। আগামী অক্টোবরের মধ্যে সব উপজেলা কমিটি গঠনের পরিকল্পনা নেওয়া হয়েছে। একই সঙ্গে সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম রাজনৈতিক পর্ষদসহ কেন্দ্রীয় কমিটি পুনর্গঠন ও দায়িত্ব বণ্টনের রূপরেখা চূড়ান্ত হয়েছে। এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা শিগগিরই দেওয়া হবে বলে বৈঠকে জানানো হয়। বৈঠকে ২৩ সদস্যবিশিষ্ট একটি সাংগঠনিক উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সারজিস আলমকে এই সাংগঠনিক উপ-কমিটির প্রধান করার সিদ্ধান্ত হয়। এছাড়া রাজনৈতিক পর্ষদ থেকে দুজন উপপ্রধান থাকবেন। প্রতিটি বিভাগে একজন করে বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও সহ-সাংগঠনিক সম্পাদক দায়িত্ব পালন করবেন। বৈঠকে দলের আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ সংসদ সদস্য নাহিদ ইসলাম, দলের সদস্যসচিব ও সংসদ সদস্য আখতার হোসেন, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারোয়ার তুষার, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী, মুখপাত্র আসিফ মাহমুদ, সংসদ সদস্য আব্দুল্লাহ আল আমিন ও আতিক মুজাহিদ, যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, যুগ্ম সদস্যসচিব আরিফুল ইসলাম আদীব, জাতীয় নারী শক্তির সদস্যসচিব ও সংসদ সদস্য মাহমুদা মিতু, এনসিপির যুগ্ম আহ্বায়ক ও সংসদ সদস্য নুসরাত তাবাসসুম, দপ্তর সম্পাদক সালেহ উদ্দিন সিফাত এবং যুগ্ম সদস্যসচিব আকরাম হোসাইন উপস্থিত ছিলেন।

হারিয়েছে

আমার মেঘনা লাইফ ইন্সুরেন্স পি এল সি এর মূল বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং TC902390 নামঃ তানভীর মাহমুদ অপু ও পলিসি নং০৫৫৭৬৭৪৬ নামঃ ইনারা বেগম

আবশ্যক

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ অনুযায়ী বিধি মোতাবেক শূন্য পদে ১জন পরিচ্ছন্নতা কর্মী এবং সৃষ্ট পদে ১জন গবেষণাগার/ল্যাব সহকারি, ১জন পরিচ্ছন্নতা কর্মী ও ১ জন অফিস সহায়ক আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফেরৎযোগ্য ১৫০০/(পনের শত) টাকার ব্যাংক ড্রাফট সহ আবেদন করতে হবে।

অধ্যক্ষ
পশ্চিম জিন্নাগড় নুরিয়া আলিম মাদ্রাসা।
পোস্ট: চরফ্যাশন
উপজেলা:চরফ্যাশন
জেলা: ভোলা।

মিথ্যা সাক্ষ্য দিতে অস্বীকার করায় গরু

বলেন। স্থানীয় বাবুর হাট বাজারে থাকা বাশার সালমার ফোন পেয়ে তার বাড়িতে যান। পরে শরবতের সঙ্গে নেশাজাতীয় দ্রব্য মিশিয়ে তাকে খাওয়ানোর পর হত্যা করা হয় বলে এজাহারে অভিযোগ করা হয়েছে। হত্যার পর মরদেহ গুম করার উদ্দেশ্যে বাড়ির পুকুরে খুঁটি গেড়ে মরদেহ ডুবিয়ে রাখা হয় বলে অভিযোগ রয়েছে। পরে স্থানীয়দের সহযোগিতায় পুলিশ ঘটনাস্থলে গিয়ে পুকুর থেকে গলা ও পেটকাটা অবস্থায় বাশারের মরদেহ উদ্ধার করে। এ ঘটনায় নিহতের বাবা আবুল কাশেম বাদী হয়ে ২৭ সেপ্টেম্বর রাতে দক্ষিণ আইচা থানায় মামলা করেন। মামলাটির নম্বর ২২। ?নিহতের ছোট ভাই ইব্রাহিম অভিযোগ করে বলেন, ‘সালমা ও তার স্বামী সাইদুল অত্যন্ত দুর্বৃত্তপরায়ণ ও দুষ্ট প্রকৃতির। জুয়েল নামের এক ব্যক্তির কাছে লগ্নি বাবদ পাওনা টাকা আদায়ের জন্য তাদের একটি মামলা চলছিল। ওই মামলায় জুয়েলকে ঘায়েল করতে না পেরে তার বিরুদ্ধে পুনরায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করা হয়। ওই মামলায় সাক্ষী হিসেবে বাশারের নাম রাখা হয়েছিল। কিন্তু বাশার মিথ্যা সাক্ষ্য দিতে অস্বীকার করায় গত ২৬ সেপ্টেম্বর সকালে তাকে বাড়িতে ডেকে নিয়ে স্বামী-স্ত্রী মিলে হত্যা করেন বলে তিনি অভিযোগ করেন।’ ?এ বিষয়ে দক্ষিণ আইচা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আহসান কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ‘আসামি সাইদুল ইসলাম জমাদারকে চরফ্যাশন উপজেলা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। অন্য আসামি সালমা বেগম পুলিশ হেফাজতে চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।’

রাষ্ট্র পরিচালনায় নৈতিকতা ও ইনসাফকে

ও বিভাজনের পরিবর্তে জনগণের অধিকার, ন্যায়বিচার, সুশাসন ও জবাবদিহি নিশ্চিত করা প্রয়োজন। দেশের শান্তি, স্থিতিশীলতা ও কল্যাণের জন্য রাষ্ট্র পরিচালনায় নৈতিকতা ও ইনসাফকে গুরুত্ব দিতে হবে। চরমোনাই পীর আরও বলেন, জনগণের জানমাল ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের গুরুত্বপূর্ণ দায়িত্ব। এ ক্ষেত্রে প্রশাসনকে আরও সক্রিয়, নিরপেক্ষ ও জবাবদিহিমূলক ভূমিকা পালন করতে হবে। একই সঙ্গে রাজনৈতিক ও সামাজিক সংগঠনগুলোকেও শান্তিপূর্ণ ও দায়িত্বশীল পরিবেশ বজায় রাখতে ভূমিকা রাখতে হবে। আসন্ন স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে নেতাকর্মীদের সাংগঠনিকভাবে প্রস্তুতি নেওয়ার নির্দেশনাও দেন ইসলামী আন্দোলনের আমির। তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করা, ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে দায়িত্বশীল জনশক্তি গড়ে তোলা এবং স্থানীয় মানুষের সঙ্গে নিয়মিত যোগাযোগ বাড়ানোর ওপর গুরুত্ব দেন তিনি। সম্মেলনে প্রধান আলোচক ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান বলেন, সংগঠনের আগামী দিনের লক্ষ্য হলো তৃণমূল পর্যায়ে সাংগঠনিক কার্যক্রম শক্তিশালী করা, জনসম্পৃক্ততা বাড়ানো এবং আদর্শিক ও দক্ষ নেতৃত্ব গড়ে তোলা। তিনি বলেন, ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে সংগঠনকে সুসংগঠিত করে জনগণের কাছে ইসলামী আন্দোলনের নীতি, আদর্শ ও কর্মসূচি তুলে ধরতে হবে। পাশাপাশি সমাজে ন্যায়, ইনসাফ ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় নিয়মতান্ত্রিকভাবে জনকল্যাণমূলক কার্যক্রম চালিয়ে যেতে হবে। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা মুহাম্মাদ নেছার উদ্দিন, সহকারী মহাসচিব মুফতি সৈয়দ এছহাক মুহাম্মাদ আবুল খায়ের এবং কেন্দ্রীয় সদস্য মাওলানা মাহমুদুল হোসাইন অলিউল্লাহ এমপি। কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (বরিশাল বিভাগ) উপাধ্যক্ষ মাওলানা মুহাম্মাদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে সম্মেলনে বরিশাল বিভাগের বিভিন্ন উপজেলা ও সিটি ওয়ার্ডের প্রতিনিধিরা অংশ নেন। এ সময় সংগঠনের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল ও তৃণমূল পর্যায়ে শক্তিশালী করতে প্রতিনিধিদের বিভিন্ন দিকনির্দেশনা দেওয়া হয়।

বদলে যেতে চান সেই বাবা

পরিবারটির জন্য নতুন আশার সঞ্চার করেছে। তিনি পরিবারটিকে সহযোগিতার আশ্বাস দিয়েছেন। অনিকের স্ত্রী জান্নাতুল ফিরদাউস জানান, তিনি এইচএসসি পাস। তাদের দুই সন্তান তুবা (৯) ও তুরিন ইসলাম তুনা (৩)। সংসারে আয়ের কোনো নির্দিষ্ট পথ নেই, অভাব-অনটনের মধ্যেই দিন কাটছে। সন্তানদের মানুষ করতে হলে স্বামীর কর্মসংস্থান কিংবা নিজের জন্য একটি চাকরি প্রয়োজন বলে জানান তিনি। তার ভাষায়, স্বামী অনিক এখন অন্ধকারের পথ ছেড়ে আলোর পথে ফিরতে চান। অশ্রুসজল চোখে অনিক সরদার বলেন, আমি ভালোভাবে জীবনযাপন করতে চাই। কেউ যদি আমাকে আয়-রোজগারের একটি পথ তৈরি করে দেন, আমি নিজেকে বদলে ফেলব। দুই মুঠো ডাল-ভাত খেয়ে হলেও সন্তানদের ভবিষ্যৎ গড়ে তোলার জন্য একটি চাকরির আবেদন জানিয়ে তিনি সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান। ইউএনও আলী সুজা বলেন, বাবার প্রতি মেয়ের এই ভালোবাসা দেখেছে সারা বিশ্বের মানুষ। এখন অনিক সরদার যদি সত্যিকার অর্থে আলোর পথে ফিরে আসেন, তাহলে সরকারিভাবে সহায়তা করে পরিবারটির পাশে দাঁড়াবে প্রশাসন। এরআগে শনিবার (২৬ সেপ্টেম্বর) ভোরের দিকে বামরাইল এলাকায় চুরির চেষ্টাকালে গ্রামবাসী অনিক সরদারকে বেঁধে মারধর করেন। ওইদিন সকালে তার ৯ বছর বয়সী মেয়ে তুবা হাত-পা বাঁধা অবস্থায় নিজ বাবার মুখে খাবার তুলে দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

বরিশালের ৮ কলেজ শিক্ষার্থীশূন্য

বেশিরভাগই কার্যত কয়েক বছর ধরে অচল। কোনো কোনো প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম বন্ধের অনুমতি চেয়ে বোর্ডে আবেদনও করেছে। শিক্ষার্থীশূন্য ওই আট প্রতিষ্ঠান হলো, বরগুনা সদর উপজেলার দক্ষিণ মনসাতলীর বরগুনা রেসিডেনসিয়াল মডেল কলেজ, বেতাগীর কদভানু মেমোরিয়াল সেকেন্ডারি গার্লস স্কুল অ্যান্ড কলেজ, ঝালকাঠির কাঁঠালিয়া সেকেন্ডারি গার্লস স্কুল অ্যান্ড কলেজ, পিরোজপুরের স্বরূপকাঠির পূর্ব জালাবাড়ি আদর্শ হাই স্কুল অ্যান্ড কলেজ ও সেহাঙ্গল স্কুল অ্যান্ড কলেজ, পটুয়াখালী সদরের পাজাখালী কলেজ, গলাচিপার পানপট্টি কলেজ এবং কাউখালীর ইজিএস শিক্ষা নিকেতন। এর মধ্যে পাঁচটি মাধ্যমিক বিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত হয়েছিল। অন্য তিনটি শুরু থেকেই কলেজ হিসেবে কার্যক্রম শুরু করে। সংশ্লিষ্টদের বক্তব্য অনুযায়ী, এসব প্রতিষ্ঠানের বড় একটি সমস্যা ছিল শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি। নিয়মিত বেতন-ভাতা না পাওয়ায় অনেক শিক্ষক অন্যত্র চলে যান। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর একাডেমিক কার্যক্রম ধীরে ধীরে দুর্বল হয়ে পড়ে। একপর্যায়ে কোথাও শ্রেণি কার্যক্রম বন্ধ হয়েছে, কোথাও নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ হয়ে যায়। বেতাগীর কদভানু মেমোরিয়াল সেকেন্ডারি গার্লস স্কুল অ্যান্ড কলেজ ২০১৬ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত হয়। প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক শামীমা নাসরিন জানান, প্রতি বছর বিদ্যালয় থেকে প্রায় শতাধিক শিক্ষার্থী এসএসসি পাস করলেও কলেজ শাখা পরিচালনায় শ্রেণিকক্ষের সংকট ছিল। এ কারণে ২০২৪ সালের পর সেখানে উচ্চ মাধ্যমিকে ভর্তি বন্ধ করা হয়। তবে স্থানীয়ভাবে জানা যায়, প্রতিষ্ঠাতা বীর মুক্তিযোদ্ধা মোশারফ হোসেন বিদ্যালয়ের কাছেই একটি ডিগ্রি কলেজ প্রতিষ্ঠা করেন। এতে এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের একটি বড় অংশ ওই কলেজে ভর্তি হওয়ায় কদভানু প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক শাখায় শিক্ষার্থী সংকট তৈরি হয়। সর্বশেষ ২০২৫ সালে সেখানে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী ছিল মাত্র একজন। ঝালকাঠির কাঁঠালিয়া সেকেন্ডারি গার্লস স্কুল অ্যান্ড কলেজেও প্রায় একই ধরনের সংকট দেখা দেয়। প্রতিষ্ঠানটি ২০১৪ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত হয়। সদ্য অবসর নেওয়া প্রধান শিক্ষক জলিলুর রহমান জানান, আশপাশের কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক বিনা পারিশ্রমিকে কলেজে পাঠদান করতেন। এমপিও না হওয়ায় ধীরে ধীরে তারা কলেজের সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেন। পরে বিদ্যালয়ের শিক্ষকরা অতিরিক্ত দায়িত্ব নিয়ে কলেজের ক্লাস চালানোর চেষ্টা করেন। কিন্তু এতে শিক্ষার্থীদের মধ্যেও প্রশ্ন তৈরি হয়। শেষ পর্যন্ত ২০২৪ সালের পর আর নতুন শিক্ষার্থী ভর্তি করা হয়নি। পিরোজপুরের স্বরূপকাঠির সেহাঙ্গল স্কুল অ্যান্ড কলেজের অবস্থাও দীর্ঘদিন ধরে নাজুক। প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক মো. মনিরুজ্জামান জানান, স্থানীয় এক ব্যবসায়ী একেএম শামসুদোহা ফারুকের উদ্যোগে উচ্চ মাধ্যমিক কার্যক্রম চালু হয়েছিল। কিন্তু বোর্ডের পাঠদান অনুমতি ছাড়া আর তেমন কোনো প্রাতিষ্ঠানিক সহায়তা পাওয়া যায়নি। কলেজ পরিচালনার ব্যয় বহন করতে গিয়ে একপর্যায়ে ওই দাতা সরে দাঁড়ান। এরপরই কার্যক্রম বন্ধ হয়ে যায়। প্রধান শিক্ষকের ভাষ্য অনুযায়ী, প্রায় চার বছর ধরে সেখানে কলেজ পর্যায়ে পাঠদান নেই। সর্বশেষ ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দুজন অংশ নিয়ে একজন উত্তীর্ণ হন। একই উপজেলার পূর্ব জালাবাড়ি আদর্শ হাই স্কুল অ্যান্ড কলেজেও দীর্ঘদিন ধরে উচ্চ মাধ্যমিক কার্যক্রম অনিয়মিত। প্রধান শিক্ষক সঞ্জয় কুমার এ বিষয়ে বিস্তারিত বলতে রাজি না হলেও জানান, প্রায় তিন দশক আগে কলেজ পর্যায়ের কার্যক্রম শুরু হয়েছিল এবং মাঝেমধ্যে তা বন্ধও ছিল। প্রতিষ্ঠানটির ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, ২০১৪ থেকে ২০২৪ সাল পর্যন্ত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট ২১১ জন অংশ নিয়ে ১৫৫ জন উত্তীর্ণ হয়েছেন। সর্বশেষ ২০২৪ সালে পরীক্ষার্থী ছিলেন ছয়জন। কাউখালীর ইজিএস শিক্ষা নিকেতনের প্রধান শিক্ষক তানভীর আহমেদ কলেজ শাখা বন্ধ হয়ে যাওয়ার পেছনে স্থানীয় বিরোধকে দায়ী করেছেন। তার দাবি, একটি পক্ষ এলাকায় প্রচার চালিয়ে শিক্ষার্থীদের সেখানে ভর্তি না হওয়ার জন্য প্রভাবিত করে। পরে ওই পক্ষই শিক্ষা বোর্ডে পাঠদান অনুমতি বাতিলের আবেদন করে। প্রধান শিক্ষক জানান, প্রায় তিন বছর ধরে প্রতিষ্ঠানটিতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে নতুন শিক্ষার্থী ভর্তি হচ্ছে না। পটুয়াখালী সদর উপজেলার পাজাখালী কলেজ ২০২২ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ মো. আশরাফ আলী দাবি করেন, প্রতিষ্ঠানের শিক্ষকদের একটি অংশের অসহযোগিতার কারণে কলেজটি কার্যত শিক্ষার্থীশূন্য হয়ে পড়ে। তিনি আরও বলেন, বিভিন্ন সময়ে তাবলিগ জামাতে থাকাকালে শিক্ষকদের একটি অংশের কারণে কলেজের কার্যক্রম ব্যাহত হয়। গত তিন বছর ধরে সেখানে শিক্ষার্থী ভর্তি হয়নি। তবে বর্তমানে স্থানীয় রাজনৈতিক নেতৃত্বের সুপারিশ নিয়ে প্রতিষ্ঠানটি আবার চালুর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান তিনি। খোঁজ নিয়ে দেখা গেছে, কিছু প্রতিষ্ঠান বাস্তবে দীর্ঘদিন ধরে শিক্ষা কার্যক্রম পরিচালনা না করলেও শিক্ষা বোর্ডের তথ্যভাণ্ডারে এগুলো এখনও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠান হিসেবে রয়েছে। ফলে প্রতিবছর ভর্তি-সংক্রান্ত পরিসংখ্যানে এসব কলেজের নাম চলে আসছে। এ ব্যাপারে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু তাহের মোহাম্মদ রাশেদুল ইসলাম জানান, তিনি সম্প্রতি দায়িত্ব নিয়েছেন। ফলে শিক্ষার্থীশূন্য কলেজগুলোর অতীত পরিস্থিতি সম্পর্কে তার কাছে বিস্তারিত তথ্য নেই। তবে চলতি বছরের ভর্তি কার্যক্রম শেষ হওয়ার পর শিক্ষার্থী না পাওয়া প্রতিষ্ঠানগুলোর তালিকা তৈরি করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়ে সুপারিশ পাঠানো হবে।

ভারতে ৬শ বছরের পুরোনো মসজিদ ভাঙা

খবর অনুসারে, সড়ক প্রশস্ত করার প্রকল্পের অংশ হিসেবে ঐতিহাসিক মসজিদের একটি অংশ সরানোর নির্দেশ দেওয়া হয়। ২০২৮ সালের সিংহস্থ কুম্ভমেলার প্রস্তুতি হিসেবে এই সড়ক প্রশস্ত করা হচ্ছে। সোমবার সংঘর্ষের সময় পুলিশকে লক্ষ্য করে পাথর ছোড়া হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাঁদানে গ্যাসের শেল ছোড়ে এবং লাঠিচার্জ করে। উজ্জয়িনীর ছত্রী চকের কাছে শাহী মসজিদের প্রায় ১১ ফুট অংশ প্রস্তাবিত সড়কের মধ্যে পড়েছে। প্রশাসনের দাবি, মসজিদ কমিটি নিজেরাই ওই অংশ সরানোর কাজ শুরু করেছে। রোববার মসজিদের কাছে বিপুলসংখ্যক মানুষ জড়ো হন। তাদের অনেকে রাতভর সেখানে অবস্থান করেন। রাতের আলোচনা শেষে ভোর ৪টা থেকে ৫টার মধ্যে একটি সমঝোতা হয় বলে জানানো হয়েছে। তবে সোমবার সকালে আবার সেখানে মানুষ জড়ো হন। একপর্যায়ে কয়েকজন পুলিশের দিকে পাথর ছুড়তে শুরু করেন। উজ্জয়িনীর পুলিশ সুপার প্রদীপ শর্মা বলেন, মসজিদ কমিটির উদ্যোগেই অপসারণের কাজ শুরু হয়েছিল। নিরাপত্তার জন্য ঘটনাস্থলের চারপাশে পুলিশ মোতায়েন করা হয়। সেখানে সাধারণ মানুষের প্রবেশ নিষিদ্ধ করা হয়। তবে কিছু ব্যক্তি পরিস্থিতি অশান্ত করার চেষ্টা করেন এবং পাথর ছোড়েন বলে জানান তিনি। এরপর পুলিশ কাঁদানে গ্যাস ও বলপ্রয়োগ করে ভিড় সরিয়ে দেয়। পুলিশ এখন সিসিটিভি ক্যামেরা ও ড্রোনের ফুটেজ দেখে সহিংসতায় জড়িত ব্যক্তিদের শনাক্ত করছে। অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করা হবে বলে জানিয়েছে পুলিশ। মসজিদের অংশ অপসারণের প্রতিবাদে একদল নারীও বিক্ষোভ করেন। তারা নাকা নম্বর ৫ এলাকায় একটি সড়ক অবরোধ করেন। মসজিদের অংশ অপসারণের বিষয়টি মধ্য প্রদেশ হাইকোর্টেও গড়িয়েছে। গত ৯ সেপ্টেম্বর আদালতের ইন্দোর বেঞ্চ এই সিদ্ধান্তের বিরুদ্ধে করা দুটি আবেদন খারিজ করেন। এরপর ওই সিদ্ধান্তের বিরুদ্ধে আরও একটি আবেদন সোমবার শুনানির জন্য তালিকাভুক্ত ছিল। এদিকে পুলিশ জানিয়েছে, এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। সিসিটিভি ও ড্রোনের মাধ্যমে সহিংসতায় জড়িত ব্যক্তিদের শনাক্ত করার কাজ চলছে।

শিগগিরই আরব সাগর থেকে শত্রুদের

দেওয়া হবে বলে মন্তব্য করেছেন তিনি। খবর প্রেস টিভির। সোমবার প্রতিরক্ষা সপ্তাহ উপলক্ষে দেওয়া এক বার্তায় তিনি এসব কথা বলেন। ইরানের প্রতিরক্ষা সপ্তাহ ১৯৮০ সালে তৎকালীন ইরাকি শাসক সাদ্দাম হোসেনের ইরানে যুদ্ধ শুরুর স্মরণে পালিত হয়। একই সঙ্গে লেবাননের প্রয়াত হিজবুল্লাহ নেতা হাসান নাসরাল্লাহ হত্যার দ্বিতীয় বার্ষিকীও এ সময় স্মরণ করা হয়। খামেনি বলেন, একসময় দক্ষিণ ইরানের দুই সাগর শত্রু বাহিনীর জন্য ‘খেলার মাঠের’ মতো ছিল। কিন্তু সাহসী ইরানি যোদ্ধা এবং হরমুজ প্রণালির রক্ষকদের কাছ থেকে ‘বেদনাদায়ক আঘাত’ পাওয়ার পর তারা এখন আরব সাগরের ওপারে যাওয়ার সাহস করে না। তিনি বলেন, যখনই তারা এমন ঝুঁকি নিয়েছে, তখন নিজেরাই ক্ষতির মুখে পড়েছে। আরব সাগর থেকেও তাদেরকে পুরোপুরি হটিয়ে দিতে বেশি সময় লাগবে না বলে মন্তব্য করেন তিনি। যুদ্ধের দিনগুলোর কথা উল্লেখ করে খামেনি বলেন, ইরানজুড়ে বিপ্লবের সূর্যের উষ্ণ রশ্মি জাতীয় সংহতি এবং বিপ্লবী ইসলামের আদর্শ ও পথের প্রতি আনুগত্যের অনুভূতি ছড়িয়ে দিয়েছিল। এর ফলে পুরোনো ও নতুন ধরনের আধিপত্য এবং ঔপনিবেশিকতার ‘বরফ গলতে’ শুরু করে। তবে ১৯৭৯ সালের ইসলামি বিপ্লবের আগের সময়কে ‘অন্ধকার দিন’ হিসেবে উল্লেখ করেন খামেনি। তিনি বলেন, তৎকালীন ইরানি সম্রাটের কাছে আধিপত্যবাদী শক্তিগুলোর রাষ্ট্রদূতেরা নির্দেশনা পৌঁছে দিতেন এবং সম্রাট ইচ্ছায় কিংবা অনিচ্ছায় তা বাস্তবায়ন করতেন। ১৯৭৯ সালের ইসলামি বিপ্লব সেই ব্যবস্থার অবসান ঘটায় বলে উল্লেখ করে তিনি বলেন, এটি আধিপত্য বিস্তার করতে চাওয়া শক্তিগুলোর জন্য অত্যন্ত কঠিন ছিল। কারণ তারা ইরানের সম্পদের ওপর নজর রেখেছিল এবং বছরের পর বছর দেশটির মানুষের ওপর বিভিন্ন ধরনের অবিচার করে সেই সম্পদ নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার চেষ্টা করেছিল।

চাঁদা না পেয়ে নিজ দলের ডিলারের

ডিলার হাসান ফরাজী বলেন, ডিলারশিপ পাওয়ার পর থেকেই যুবদল নেতা তৈয়বুর রহমান তাঁর কাছে তিন লাখ টাকা চাঁদা দাবি করে আসছিলেন। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা একাধিকবার সতর্ক করলেও তিনি শোনেননি। এরই ধারাবাহিকতায় রোববার (২৭ সেপ্টেম্বর) বেলা পৌনে ৩টার দিকে ইউনিয়ন পরিষদের নিচতলার গুদামে চাল বিতরণকালে তৈয়বুর রহমান ফের চাঁদা দাবি করেন। টাকা দিতে অস্বীকৃতি জানালে তিনি ক্ষিপ্ত হয়ে ক্যাশবক্স থেকে নগদ ৫৫ হাজার টাকা ছিনিয়ে নেন। পরে ওই দিন রাতেই বোরহানউদ্দিন থানায় অভিযোগ করেন হাসান ফরাজী। তাঁদের দুজনের রাজনৈতিক পরিচয় নিশ্চিত করে বোরহানউদ্দিন উপজেলা যুবদলের আহ্বায়ক শিহাব উদ্দিন হাওলাদার বলেন, ‘চাঁদাবাজি ও টাকা ছিনিয়ে নেওয়ার বিষয়টি আমি শুনেছি। এর আগেও দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তৈয়বুর রহমানকে দল থেকে বহিষ্কার করা হয়েছিল।’ তবে চাঁদা দাবি ও টাকা ছিনতাইয়ের অভিযোগ অস্বীকার করেছেন যুবদল নেতা তৈয়বুর রহমান মাতাব্বর। তিনি দাবি করেন, ডিলারশিপের জন্য তাঁরা দুজনেই আবেদন করেছিলেন। দলীয় সিদ্ধান্তে ডিলারশিপ একজনের নামে হলেও লাভ দুজনের ভাগ করার কথা ছিল। সে অনুযায়ী তাঁরা দুজনেই টাকা বিনিয়োগ করেছেন। গত তিন মাস তিনি চালানের টাকা দিলেও লভ্যাংশ নেননি। চাল বিক্রি শেষে হিসাব অনুযায়ী ৫০ হাজার টাকা করে দুজনে ভাগ করে নেন এবং বাকি টাকা হাসান ফরাজীর বাবাকে দেন। অভিযোগের বিষয়ে বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশ্রাব আলী জানান, ঘটনাটি তদন্ত করা হচ্ছে। সকালে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কাউখালী ও ভাণ্ডারিয়ায় দুই

দক্ষিণ বাজারে হোটেল ব্যবসার সঙ্গে যুক্ত। কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে আনিসুর রহমানকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে এবং তাকে আদালতে সোপর্দ করা হবে।’ তবে প্রাথমিক তথ্যে তাকে ঠিক কোন মামলায় গ্রেফতার দেখানো হয়েছে সে বিষয়ে বিস্তারিত জানা যায়নি। এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে পরবর্তী বিস্তারিত জানানো হবে বলে থানা সূত্র নিশ্চিত করেছে। অপরদিকে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা শাখার সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম কাইয়ুম জোমাদ্দারকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (২৭ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে ভাণ্ডারিয়া বন্দর বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার খাইরুল ইসলাম কাইয়ুম জোমাদ্দার (৪০) ভাণ্ডারিয়া পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মৃত মো. আব্দুল হামিদ জোমাদ্দারের ছেলে। তিনি নিষিদ্ধ ছাত্রলীগের উপজেলা শাখার সাবেক সাধারণ সম্পাদক। পুলিশ জানায়, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগরে হয়ে সরকারবিরোধী বিভিন্ন কার্যক্রমের পরিকল্পনার অভিযোগে কাইয়ুমকে গ্রেফতার করে পুলিশ। তার বিরুদ্ধে বিস্ফোরকদ্রব্য আইনে মামলা করা হয়েছে। ভাণ্ডারিয়া থানার ওসি দেওয়ান জগলুল হাসান বলেন, গ্রেফতার খাইরুল ইসলাম কাইয়ুম জোমাদ্দারকে সকালে আদালতে সোপর্দ করেছি।

মারধর ও কুপিয়ে গৃহবধূকে

দণ্ডপ্রাপ্ত জোস্না পিরোজপুরের নেছারাবাদ উপজেলার রাহুতকাঠী গ্রামে মো. বেল্লাল আকনের বাসায় কাজ করতেন। দণ্ডপ্রাপ্ত রাজু জোস্নার স্বামী পরিচয়ে প্রায়ই ওই বাসায় যেতেন। ২০১৮ সালের ২৪ নভেম্বর জোস্নার সঙ্গে বেল্লালের স্ত্রী মাকসুদা বেগমের কথাকাটাকাটি ও মনোমালিন্য হয়। সেই প্রতিশোধ নিতে ২৫ নভেম্বর সকাল সাড়ে ১০টার দিকে রাজু ও জোস্নার ভাই ইমরান ওই বাড়িতে ঢুকে মাকসুদাকে এলোপাতাড়ি মারধর ও ছুরিকাঘাত করে পালিয়ে যান। প্রতিবেশীরা তাকে রক্তাক্ত অবস্থায় নেছারাবাদ স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। পরে সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে সেখানেই তার মৃত্যু হয়। এ ঘটনায় ওই তিনজনকে আসামি করে নেছারাবাদ থানায় মামলা হয়। আদালতে সাক্ষ্যপ্রমাণে দোষী সাব্যস্ত হওয়ায় আদালত তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। রাষ্ট্র পক্ষের আইনজীবী পাবলিক প্রসিকিউটর আবুল কালাম আকন বলেন, গৃহবধূকে মাকসুদা হত্যার সাথে তিনজন জড়িত ছিলো এবং আদালত তিনজনকেই তাদেও প্রাপ্য সাজা দিয়েছে।

হস্তান্তরের আগেই স্কুল ভবনের

হস্তান্তরের আগেই ছাদের বিভিন্ন অংশের পলেস্তারা খসে পড়তে শুরু করেছে। বৃষ্টি হলে ছাদ চুইয়ে শ্রেণিকক্ষের ভেতরে পানি প্রবেশ করছে বলে অভিযোগ করেছেন বিদ্যালয়ের শিক্ষকরা। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সহসভাপতি হাসনাত খান তরুণ ও প্রধান শিক্ষক কমল কৃষ্ণ দাস অভিযোগ করেন, তাদের না জানিয়ে রাতের আঁধারে প্রবল বৃষ্টির মধ্যে ঠিকাদারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে ছাদ ঢালাইয়ের কাজ করা হয়েছে। এছাড়া নিচতলার পুরোনো জানালা খুলে অন্য কক্ষে স্থাপন করে রং দিয়ে ঢেকে দেওয়া হয়েছে বলেও অভিযোগ করেন তারা। প্রধান শিক্ষক কমল কৃষ্ণ দাস বলেন, নির্মাণকাজ যথাযথ নিয়ম মেনে ও সঠিকভাবে না করায় ছাদের পলেস্তারা খসে পড়তে শুরু করেছে। বৃষ্টি হলেই ছাদ দিয়ে পানি চুইয়ে শ্রেণিকক্ষে প্রবেশ করছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া না হলে ভবনের ছাদে বড় ধরনের সমস্যা দেখা দিতে পারে। পাশাপাশি কোমলমতি শিক্ষার্থীরা দুর্ঘটনার শিকার হওয়ার আশঙ্কা রয়েছে। ভবন নির্মাণকাজের তদারকি কর্মকর্তা (ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট) মো. খায়রুল ইসলাম বলেন, দিনের বেলায় ছাদ ঢালাইয়ের কথা থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠানের পক্ষে নতুনচর জাহাপুর এলাকার শামীম হোসেন ও ঠাকুরমল্লিক গ্রামের গোলাম মোর্শেদ তার নির্দেশনা অমান্য করে এবং তাকে না জানিয়ে রাতে ছাদ ঢালাইয়ের কাজ শেষ করেন। বিষয়টি সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাদের জানানো হয়েছে বলেও জানান তিনি। বাবুগঞ্জ উপজেলা প্রকৌশলী মো. আকতার হোসেন বলেন, নির্মাণকাজে কোনো ধরনের অনিয়ম পাওয়া গেলে তা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয়রা বলেন, শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে ভবনটি হস্তান্তরের আগে নির্মাণকাজের মান যথাযথভাবে পরীক্ষা করা প্রয়োজন। একই সঙ্গে ছাদের পলেস্তারা খসে পড়া ও পানি চুইয়ে পড়ার বিষয়টি দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা। অভিযোগের বিষয়ে শামীম হোসেন ও গোলাম মোর্শেদের ব্যবহৃত মোবাইল নম্বরে একাধিকবার কল করা হলেও তারা ফোন রিসিভ না করায় তাদের বক্তব্য পাওয়া যায়নি। বাবুগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সাইদুর রহমান স্বপন বলেন, স্কুলের ভবন নির্মাণে কোনো ধরনের অনিয়ম মেনে নেওয়া হবে না। ইতোমধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষয়টি তাকে জানানোর পর তিনি সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত করেছেন।

দুদিনে সুন্দরবনে ২১ জেলেকে

রাতে সাগর সংলগ্ন সুন্দরবনের ভাঙ্গা, আমবাড়ীয়া ও নারিকেলবাড়ীয়া এলাকায় জেলেদের বহরে বনদস্যুরা হামলা করে। পরে প্রতি নৌকা থেকে একজন করে ১৫ জেলেকে অপহরণ করে একটি ট্রলারে উঠিয়ে নিয়ে যায়। এ বিষয়ে সুন্দরবন পূর্ব বন বিভাগের শরণখোলা রেঞ্জ কর্মকর্তা (এসিএফ) শরিফুল ইসলাম বলেন, শুক্র ও শনি দুদিনে ২১ জনকে অপহরণ করেছে বনদস্যুরা। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষ ও কোস্টগার্ডকে জানানো হয়েছে। বনদস্যুদের বিরুদ্ধে আমাদের অভিযান চলছে।

ডেঙ্গুতে নতুন করে বরিশাল

হয়েছে। পাশাপাশি এই সময়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে একজন, খুলনা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন, বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন, রাজশাহী বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন, রংপুর বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজনের প্রাণহানি হয়েছে। এদিকে গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) সবচেয়ে বেশি ৪৩২ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। পাশাপাশি এই সময়ে খুলনা বিভাগে ২৬৭ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ২০৬, চট্টগ্রাম বিভাগে ৩২৩, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ১৬৯, বরিশাল বিভাগে ২৫৪, রাজশাহী বিভাগে ১৯৭, ময়মনসিংহ বিভাগে ১১৫, রংপুর বিভাগে ৬২ ও সিলেট বিভাগে ১১ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। সবমিলিয়ে চলতি বছর ১ জানুয়ারি থেকে ২৮ সেপ্টেম্বর (সোমবার) পর্যন্ত দেশে ডেঙ্গুতে মোট ২৩৩ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে দুই সিটি করপোরেশনসহ শুধু ঢাকা বিভাগেই ডেঙ্গুতে ১১০ জন মারা গেছেন। এ ছাড়া উল্লেখিত সময়ে খুলনা বিভাগে ৪৫ জন ছাড়াও ময়মনসিংহ বিভাগে ২০, বরিশাল বিভাগে ১৮, চট্টগ্রাম বিভাগে ২৩ জন, রাজশাহী বিভাগে ১১ জন, রংপুরে ৫ জন ও সিলেট বিভাগে একজনের মৃত্যু হয়েছে।

মাদক নিয়ে বিরোধে জাকারিয়াকে

ব্যক্তিরা হলেন–মো. সাইফুল ইসলাম (২৯), মো. মামুন হাওলাদার (২৯) ও চোরাই ব্যাটারি কেনার অভিযোগে মো. শুক্কুর আকন (৪৫)। তাদের কাছ থেকে জাকারিয়ার অটোরিকশা, চুরি যাওয়া তিনটি ব্যাটারি ও হত্যাকাণ্ডে ব্যবহৃত সিএনজি উদ্ধার করা হয়েছে। পুলিশ জানায়, গত ৭ সেপ্টেম্বর বিকেলে পটুয়াখালী শহরের মুচিরপোল স্ট্যান্ড থেকে যাত্রী নিয়ে বের হওয়ার পর নিখোঁজ হন জাকারিয়া। পরদিন সকালে সদর উপজেলার চর জৈনকাঠী ইউনিয়নের শৌলা খেয়াঘাটসংলগ্ন লোহালিয়া নদী থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। প্রাথমিক তদন্তে গলায় ক্যাবল পেঁচিয়ে শ্বাসরোধে হত্যার তথ্য পাওয়া যায়। এ ঘটনায় জাকারিয়ার বাবা রুহুল আমিন শরীফ বাদী হয়ে ১০ সেপ্টেম্বর পটুয়াখালী থানায় মামলা করেন। পুলিশের ভাষ্য, সাইফুলের সঙ্গে জাকারিয়ার পূর্বপরিচয় ছিল। মাদক দেওয়ার কথা বলে সাইফুল জাকারিয়ার কাছ থেকে ৩ লাখ ৭০ হাজার টাকা নেওয়ার পর মাদক সরবরাহ না করায় তাদের মধ্যে বিরোধ তৈরি হয়। এর জেরেই সাইফুল ও মামুন হত্যার পরিকল্পনা করেন বলে তদন্তে উঠে এসেছে। পুলিশ জানায়, ৭ সেপ্টেম্বর সন্ধ্যায় সাইফুল ফোন করে জাকারিয়াকে চৌরাস্তা এলাকায় ডেকে নেন। পরে মাদক চালান আসার কথা বলে তাকে সাইফুলের সিএনজিতে করে জৈনকাঠী খেয়াঘাটে নেওয়া হয়। সেখানে কথা-কাটাকাটির একপর্যায়ে সাইফুল জাকারিয়ার গলায় ক্যাবল পেঁচিয়ে ধরেন এবং মামুন তার পা চেপে ধরেন। পরে মৃত্যু নিশ্চিত হলে মরদেহ লোহালিয়া নদীতে ফেলে দেওয়া হয়। এরপর জাকারিয়ার অটোরিকশা থেকে ব্যাটারি খুলে মহিপুরে শুক্কুর আকনের কাছে ২০ হাজার টাকায় বিক্রি করা হয় বলে জানিয়েছে পুলিশ। তদন্তে সদর থানা ও ডিবির একাধিক দল শতাধিক সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ ও বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করে আসামিদের শনাক্ত করে। ২৬ সেপ্টেম্বর পৃথক অভিযান চালিয়ে সাইফুলকে গাজীপুর থেকে, মামুনকে পটুয়াখালী সদর এবং শুক্কুরকে মহিপুর থেকে গ্রেফতার করা হয়। অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ সাজেদুল ইসলাম সজল বলেন, সাইফুল ও মামুন হত্যাকাণ্ডে জড়িত থাকার এবং শুক্কুর চোরাই ব্যাটারি কেনার কথা স্বীকার করে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন। মামলাটির তদন্ত চলমান রয়েছে। ঘটনায় অন্য কেউ জড়িত কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

সন্ধ্যা নদীর তীব্র ভাঙনে

কাউখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রেহেনা আক্তার। এ সময় তিনি নদীভাঙনে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিতে থাকা ১৫টি পরিবারের মাঝে তাৎক্ষণিকভাবে শুকনো খাবার, চাল, ডাল, তেল, মরিচ, লবণ, মশলা ও শিশুখাদ্য বিতরণ করেন। পরিদর্শনকালে ইউএনওর সঙ্গে উপস্থিত ছিলেন আমড়াজুড়ি ইউনিয়ন পরিষদের প্রশাসক ও উপজেলা আইসিটি অফিসার মেহেদী হাসান এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মো. মফিজুর রহমান। ঘটনাস্থল পরিদর্শন শেষে কাউখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রেহেনা আক্তার বলেন, আমড়াজুড়ি ইউনিয়নের সন্ধ্যা নদীর পশ্চিম পাড়ে আকস্মিক নদীভাঙনের খবর পেয়েই আমরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসি। ভাঙনে একটি বসতঘর এবং স্থানীয় পাঁচটি মন্দির নদীগর্ভে বিলীন হয়েছে। আরও বেশ কয়েকটি বসতবাড়ি এখন চরম ঝুঁকির মধ্যে রয়েছে। তিনি আরও বলেন, আমরা প্রাথমিকভাবে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ ১৫টি পরিবারের তালিকা তৈরি করে তাদের মধ্যে চাল, ডাল, তেল, লবণ, প্রয়োজনীয় মশলা ও শিশুখাদ্যসহ জরুরি ত্রাণসামগ্রী পৌঁছে দিয়েছি। নদীভাঙন রোধে স্থায়ী ব্যবস্থা গ্রহণের জন্য আমরা পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলছি, যাতে দ্রুততম সময়ে বাঁধ নির্মাণ বা প্রতিরক্ষামূলক ব্যবস্থা নেওয়া যায়।

রাঙ্গাবালীতে অজ্ঞাত প্রাণীর

রাঙ্গাবালীর সেনের হাওলা গ্রামে। রাকিব মল্লিক মাছ ধরে জীবিকা নির্বাহ করেন। বর্তমানে চরহেয়ারে পরিবারের অস্থায়ী বসতিতে বসবাস করছেন তারা। স্থানীয়দের ধারণা, শিশুটিকে সাপ কিংবা কোনো বিষাক্ত পোকামাকড় কামড় দিয়ে থাকতে পারে। তবে কী প্রাণী তাকে কামড় দিয়েছে, তা নিশ্চিত হওয়া যায়নি।

পবিপ্রবিতে ছাত্রীদের উদ্দেশ্যে

ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ বিভিন্ন গ্রুপে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। একই সঙ্গে হলে অবস্থানরত নারী শিক্ষার্থীরা নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। ভুক্তভোগী এক নারী শিক্ষার্থী বলেন, ‘এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, এর আগেও এমন ঘটনা ঘটেছে। কিছুদিন আগে সকালে ফজরের নামাজ পড়ে আমি ছাদে হাঁটতে গেলে নির্মাণাধীন ভবন থেকে একজন আমার ছবি তোলেন। সে সময় তার ফোনের ফ্ল্যাশ জ্বলতে দেখি। এছাড়া তারা প্রায়ই পার্শ্ববর্তী ভবন থেকে আমাদের দিকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাকিয়ে থাকেন।’ এ বিষয়ে কবি বেগম সুফিয়া কামাল হলের প্রভোস্ট অধ্যাপক মো. ইফতেখারুল আলম বলেন, ‘আমরা ঘটনাস্থলে যাই। নির্মাণাধীন হল থেকে যেসব স্থান দিয়ে ছাত্রীদের দেখা যায়, সেসব জায়গায় প্রাথমিকভাবে নিরাপত্তাবেষ্টনী দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ঘটনায় জড়িত শ্রমিকসহ সংশ্লিষ্টদের বর্তমানে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তাকর্মীদের হেফাজতে রাখা হয়েছে। তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।’ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আবুল বাশার খান বলেন, ‘ঘটনাস্থলে যাওয়ার পর আমরা তিনজনকে আটক করেছি। তাকে সংশ্লিষ্ট বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। যে শ্রমিক এ ঘটনার সঙ্গে জড়িত বলে অভিযোগ উঠেছে, সে বর্তমানে পলাতক রয়েছে। তাকে পালিয়ে যেতে যারা সহযোগিতা করেছে, জিজ্ঞাসাবাদের মাধ্যমে তাদের শনাক্ত করে ওই শ্রমিককে আটক করার চেষ্টা চলছে। তাকে আটক করার পর থানায় মামলা করে পুলিশের কাছে হস্তান্তর করা হবে।’

সিগারেটে দাম বাড়িয়েও ৩ হাজার কোটি রাজস্ব ঘাটতি, কারণ খতিয়ে দেখার তাগিদ

কীর্তনখোলা ডেস্ক

সিগারেটের দাম ও কর বাড়ানোর পরও সরকারের প্রত্যাশিত রাজস্ব বৃদ্ধি পাচ্ছে না। চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরে এখন পর্যন্ত সম্ভাব্য রাজস্ব ঘাটতি ৩ হাজার কোটি টাকা। দাম বৃদ্ধির পরও ঘাটতির কারণ কি তা খতিয়ে দেখা উচিত। সোমবার (২৮ সেপ্টেম্বর) ‘মিডিয়া ওয়ার্কশপ অন টোব্যাকো ট্যাক্স পলিসি : লেসন্স ফ্রম ২০২৬-২৭ বাজেট, মার্কেট ট্রেন্ডস, পলিসি আউটকামস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড’ শীর্ষক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। একই সঙ্গে তামাক করনীতিতে মূল্যস্ফীতি, বাজারের পরিবর্তন, ভোক্তার আচরণ এবং সরকারের রাজস্ব প্রয়োজনীয়তা আরও কার্যকরভাবে বিবেচনার পরামর্শ দিয়েছেন তারা। পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) কার্যালয়ে আয়োজিত কর্মশালায় সাংবাদিক, গবেষক ও তামাক নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট ব্যক্তিরা অংশ নেন। কর্মশালায় পিপিআরসির সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট মোহাম্মদ ইহতেশাম হাসান তামাক কর কাঠামো, বাজারের প্রবণতা, রাজস্ব ও জনস্বাস্থ্যের ওপর প্রভাব তুলে ধরেন। গবেষণাপত্রে পিপিআরসি বলছে, চলতি ২০২৬-২৭ অর্থবছরে সিগারেটের চার স্তরের মূল্য কাঠামো অপরিবর্তিত রয়েছে এবং কোনো সুনির্দিষ্ট কর চালু করা হয়নি। নিম্নস্তরের সিগারেটের ন্যূনতম খুচরা মূল্য ৬০ টাকা থেকে বাড়িয়ে প্রথমে ৬২ টাকা এবং পরে ৬৫ টাকা করা হয়েছে। মধ্যম, উচ্চ ও প্রিমিয়াম স্তরের দাম নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৯২, ১৬০ ও ২১০ টাকা। তবে পিপিআরসির বিশ্লেষণে দেখা গেছে, মূল্যস্ফীতি সমন্বয়ের পর আগস্ট ২০২৬ পর্যন্ত অধিকাংশ স্তরের সিগারেটের প্রকৃত মূল্য কমেছে। অর্থাৎ নাম মাত্র দাম বাড়লেও মূল্যস্ফীতির তুলনায় সিগারেটের প্রকৃত মূল্য কমে যাওয়ায় তামাকজাত পণ্যের ক্রয়ক্ষমতা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। কর্মশালায় বক্তারা বলেন, বর্তমান এড ভ্যালোরিম কর কাঠামোর অন্যতম সীমাবদ্ধতা হলো খুচরা মূল্য বাড়লেও সরকারের রাজস্ব একই হারে বাড়ে না। এ কারণে কর কাঠামোয় নির্দিষ্ট আবগারি কর যুক্ত করা হলে কর বৃদ্ধি থেকে সরকারের রাজস্ব আরও পূর্বানুমানযোগ্য হতে পারে। কর্মশালায় সিগারেটের বাজারে সাম্প্রতিক পরিবর্তনের তথ্যও তুলে ধরা হয়। পিপিআরসির বিশ্লেষণ অনুযায়ী, গত ২০২১-২০২২ অর্থ বছরে মোট সিগারেট বাজারে নিম্নস্তরের সিগারেটের হিস্যা ছিল ৭৭ শতাংশ। ২০২৬ সালের মে নাগাদ তা ৪৯ শতাংশের নিচে নেমে এসেছে। বিপরীতে একই সময়ে মধ্যম স্তরের সিগারেটের হিস্যা ৯ শতাংশ থেকে বেড়ে ৪২ শতাংশে দাঁড়িয়েছে। ২০২৫ সালের জানুয়ারিতে মূল্য পুনর্নির্ধারণের পর কিছু ব্র্যান্ডের শ্রেণি পরিবর্তনের কারণে বাজারের এ পরিবর্তনের একটি অংশ ঘটেছে। তবে একই সঙ্গে ভোক্তাদের তুলনামূলক বেশি দামের সিগারেটের দিকে যাওয়ার প্রবণতাও এতে প্রতিফলিত হতে পারে। তবে টানা দুই বছর সিগারেটের সরবরাহ কমলেও তামাক কর থেকে রাজস্ব বেড়েছে। পিপিআরসি সতর্ক করে বলেছে, শুধু সরবরাহের তথ্য দিয়ে ধূমপানের হার বা প্রকৃত সিগারেট ভোগের পরিবর্তন নির্ধারণ করা সম্ভব নয়। এ জন্য চাহিদা ও ধূমপানের প্রবণতা নিয়ে আরও নির্ভরযোগ্য তথ্য প্রয়োজন। কর্মশালায় ২০২৬ সালের জুলাই-আগস্ট সময়ে সিগারেট থেকে ভ্যাট ও সম্পূরক শুল্ক আদায়ে আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ৩ হাজার কোটি টাকা কমে যাওয়ার বিষয়টি আলোচনায় আসে। পিপিআরসি বলেছে, এই ঘাটতিকে এখনই সিগারেট খাতে স্থায়ী বা কাঠামোগত রাজস্ব ক্ষতি হিসেবে বিবেচনা করা উচিত নয়। কারণ নতুন ত্রৈমাসিক ভ্যাট ব্যবস্থা রাজস্ব হিসাব ও আদায়ের সময়কে প্রভাবিত করে থাকতে পারে। উপস্থাপিত তথ্য অনুযায়ী, ২০২৫ সালের জুলাই-আগস্টে সিগারেট থেকে ভ্যাট ও সম্পূরক শুল্ক আদায় হয়েছিল প্রায় ৭ হাজার ৭৩৩ কোটি ৮০ লাখ টাকা। ২০২৬ সালের একই সময়ে তা নেমে আসে প্রায় ৪ হাজার ৭৩৩ কোটি ৮০ লাখ টাকায়। পিপিআরসির একটি সম্ভাব্য পরিস্থিতি বিশ্লেষণে বলা হয়, ভ্যাট হিসাবের সময়গত প্রভাব সর্বোচ্চ মাত্রায় ধরা হলে আপাত রাজস্ব ঘাটতি প্রায় ১ হাজার ৯৪০ কোটি টাকায় নেমে আসতে পারে। তবে এটি প্রকৃতপক্ষে কত টাকা ভ্যাট পরবর্তী সময়ে আদায় হয়েছে বা হবে–তার কোনো পূর্বাভাস নয়। প্রকৃত চিত্র জানতে জুলাই-সেপ্টেম্বর সময়ের পৃথক ভ্যাট ও সম্পূরক শুল্কের তথ্য প্রয়োজন বলে জানিয়েছে পিপিআরসি। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের (বিসিআইসি) সাবেক চেয়ারম্যান মো. মোস্তাফিজুর রহমান বলেন, সিগারেটের ব্যবহার কমাতে হলে মূল্য ও করের মাধ্যমে তামাকজাত পণ্যকে আরও কম সাশ্রয়ী করতে হবে। বাংলাদেশে সিগারেটের দাম এখনো তুলনামূলক কম উল্লেখ করে তিনি বলেন, মধ্যম স্তরের সিগারেটের বাজার হিস্যা দ্রুত বাড়ার বিষয়টি ভোক্তাদের আচরণে পরিবর্তনের ইঙ্গিত দেয়। শক্তিশালী কর ব্যবস্থা সিগারেটের ক্রয়ক্ষমতা কমাতে এবং ধূমপায়ীদের ব্যবহার কমানো বা ছাড়তে উৎসাহিত করতে পারে। কর্মশালায় তামাক বাজারের নজরদারি জোরদার, নিয়মিত বিক্রি ও করসংক্রান্ত তথ্য সহজলভ্য করা এবং সরকারি নির্ধারিত খুচরা মূল্য ও প্রকৃত বিক্রয়মূল্যের পার্থক্য খতিয়ে দেখার প্রয়োজনীয়তার কথা বলা হয়। একই সঙ্গে ব্যাপকভাবে প্রচলিত একক শলাকা বা খোলা সিগারেট বিক্রির প্রভাবও পর্যালোচনার পরামর্শ দেওয়া হয়। পিপিআরসির বিশ্লেষণে আরও বলা হয়, জাতীয় রাজস্ব বোর্ডের মোট রাজস্ব আদায়ে সিগারেট কর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। গত এক দশকে এনবিআরের মোট রাজস্ব আদায়ের প্রায় ১০ থেকে ১৩ শতাংশ এসেছে সিগারেট থেকে। ফলে তামাক করনীতি সরকারের সামগ্রিক রাজস্ব কৌশলের সঙ্গেও ঘনিষ্ঠভাবে যুক্ত। সমাপনী বক্তব্যে পিপিআরসির পরিচালক (এইচআর অ্যান্ড বাজেট) সৈয়দ জিয়াউদ্দিন আহমেদ আইন বাস্তবায়ন ও জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্ব দেন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৯ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৬ আশ্বিন ১৪৩৩

শিগগিরই আরব সাগর থেকে শত্রুদের হটিয়ে দেওয়া হবে: মোজতবা খামেনি

কীর্তনখোলা ডেস্ক
ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি বলেছেন, ইরানের শত্রুরা দেশটিতে বিদেশি আধিপত্যের দিনগুলো ফিরিয়ে আনার যে চেষ্টা করছে, তা আর কখনো সফল হবে না। শিগগিরই আরব সাগর থেকেও 'শত্রু বাহিনীকে' হটিয়ে ৩ এর পাতায় দেখুন

ভারতে ৬শ বছরের পুরোনো মসজিদ ভাঙা নিয়ে উত্তেজনা, পুলিশের সঙ্গে সংঘর্ষ

কীর্তনখোলা ডেস্ক
ভারতের মধ্য প্রদেশে ৬০০ বছরের পুরোনো শাহী মসজিদের একটি অংশ অপসারণকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষও হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যমের ৩ এর পাতায় দেখুন

বরিশালের ৮ কলেজ শিক্ষার্থীশূন্য অনুমোদন বাতিলের আশঙ্কা

কীর্তনখোলা রিপোর্ট
শিক্ষা কার্যক্রম চালুর অনুমতি নিয়ে যাত্রা শুরু করেছিল বরিশাল শিক্ষা বোর্ডের অধীন কয়েকটি উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠান। কিন্তু দীর্ঘদিনেও এমপিওভুক্তি না হওয়া, শিক্ষক সংকট, অর্থনৈতিক অনিশ্চয়তা ও স্থানীয় বিরোধসহ নানা কারণে একে একে থেমে গেছে এসব কলেজের কার্যক্রম। বর্তমানে এমন আটটি প্রতিষ্ঠান রয়েছে, যেখানে চলতি শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কোনো শিক্ষার্থীই ভর্তি হয়নি। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর সারাদেশে ১০টি কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কোনো শিক্ষার্থী ভর্তি হয়নি। এর মধ্যে আটটি প্রতিষ্ঠানই বরিশাল শিক্ষা বোর্ডের অধীন। সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা গেছে, এসব প্রতিষ্ঠানের ৩ এর পাতায় দেখুন

রাষ্ট্র পরিচালনায় নৈতিকতা ও ইনসাফকে গুরুত্ব দিতে হবে: চরমোনাই পীর

কীর্তনখোলা রিপোর্ট
প্রশাসনের দায়িত্বশীলতা ও কার্যকর নজরদারির ঘাটতির কারণে সমাজে বিভিন্ন ধরনের অপরাধ ও অনিয়মের সুযোগ তৈরি হচ্ছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম, পীর সাহেব চরমোনাই। সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে চরমোনাই মাদরাসা অডিটোরিয়ামে ইসলামী আন্দোলন বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির উদ্যোগে এবং বরিশাল বিভাগের ব্যবস্থাপনায় আয়োজিত উপজেলা ও সিটি ওয়ার্ড প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চরমোনাই পীর বলেন, দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতিতে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, প্রশাসনিক দুর্বলতা ও অনিয়ম এবং বিভিন্ন অনৈসলামিক কর্মকাণ্ড নিয়ে মানুষের মধ্যে উদ্বেগ রয়েছে। এসব সমস্যা সমাধানে সরকার ও বিরোধী উভয় পক্ষকেই দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, রাজনৈতিক প্রতিহিংসা ৩ এর পাতায় দেখুন

মিথ্যা সাক্ষ্য দিতে অস্বীকার করায় গরু ব্যবসায়ীকে হত্যা, স্বামী-স্ত্রী গ্রেফতার

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশন উপজেলার গরু ব্যবসায়ী আবুল বাশার হত্যা মামলার এজাহারনামীয় আসামি সাইদুল ইসলাম জমাদার ও তার স্ত্রী সালমা বেগমকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে দক্ষিণ আইচা থানার নজরুল নগর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার

সাইদুল ইসলাম জমাদার (৩৭) উপজেলার নজরুল নগর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের সুলতান হাওলাদারের ছেলে। তার স্ত্রী সালমা বেগমের বয়স ৩৩ বছর। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ২৬ সেপ্টেম্বর সকাল ১১টার দিকে সালমা বেগম মোবাইল ফোনে আবুল বাশারকে তার বাড়িতে আসতে ৩ এর পাতায় দেখুন

মেয়ের ভালোবাসায় মুগ্ধ বদলে যেতে চান সেই বাবা বেঁচে থাকতে চান একটি কাজ

উজিরপুর প্রতিনিধি
কয়েকদিন আগেও ছিল চোর-মাদকাসক্তের অপবাদ। তার বাড়িতেই ভিড় জমাচ্ছেন শত শত মানুষ। তবে আক্রমণাত্মক মানসিকতা নিয়ে নয়, সহানুভূতি আর আর্থিক সহায়তা নিয়ে। বরিশালের উজিরপুর উপজেলার বামরাইল এলাকার অনিক সরদারের পরিবারের জীবনে এই আকস্মিক পরিবর্তনের নেপথ্যে রয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া সেই হৃদয়স্পর্শী ভিডিও। যেখানে দেখা যায়, চুরির অপবাদে বাবাকে গাছে বেঁধে রেখেছেন স্থানীয়রা। এ অবস্থায় চা আর পাউরুটি নিয়ে ছুটে যায় মেয়ে। নরম তুলতুলে হাতে বাবার মুখে তুলে দেয় খাবার। এই ঘটনা সবার হৃদয়কে ছুঁয়ে যায়। এরই ধারাবাহিকতায় রোববার (২৭ সেপ্টেম্বর) বিকেলে উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলী সুজা হাজির হন অনিকের বাড়িতে। তার উপস্থিতি ৩ এর পাতায় দেখুন

মাদক নিয়ে বিরোধে জাকারিয়াকে শ্বাসরোধে হত্যা, গ্রেফতার ৩

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীতে অটোরিকশাচালক মো. জাকারিয়া শরীফ (২৮) হত্যার রহস্য উদঘাটন করেছে পুলিশ। মাদক নিয়ে বিরোধের জেরে তাকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে পটুয়াখালী পুলিশ সুপার কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোহাম্মদ সাজেদুল ইসলাম সজল। গ্রেফতার ৩ এর পাতায় দেখুন

দুদিনে সুন্দরবনে ২১ জেলেকে অপহরণ

বরগুনা প্রতিনিধি
পূর্ব সুন্দরবনে ফের একটি ট্রলারসহ ১৫ জেলেকে পৃথক পৃথক স্থান থেকে অপহরণ করেছে বনদস্যুরা। শনিবার (২৬ সেপ্টবর) দিনগত রাতে সুন্দরবনের ভাঙ্গা, আমবাড়ীয়া ও নারিকেলবাড়ীয়া এলাকায় এ অপহরণের ঘটনা ঘটে। এ নিয়ে দুদিনে ২১ জেলেকে অপহরণের ঘটনা ঘটল। সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকেলে সুন্দরবন পূর্ব বন বিভাগের শরণখোলা রেঞ্জ কর্মকর্তা (এসিএফ) মো. শরিফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। অপহৃত জেলেদের মধ্যে ১০ জনের নাম জানা গেছে। তারা হলেন খুলনার আরিফ (২৫), সগীর (৩৪), মিঠু (৩০) ও ফেরদাউস (২৮) এবং বরগুনার পাথরঘাটা ও তালতলীর বাসিন্দা ইব্রাহিম (৩৫), ইমরান (২৫), মোস্তাফিজুর (৩৫), আলামিন (২৮), হানিফ (৩৮) ও মারুফ (৪৯)। সুন্দরবন পূর্ব বন বিভাগের শরণখোলা রেঞ্জের জেলেপল্লি দুবলা টহল ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা ফরেস্ট রেঞ্জার মিল্টন রায় জানান, জেলেরা বন বিভাগের পাস নিয়ে চরপাটা, পোকা জাল ও বড়শি দিয়ে সুন্দরবনের খালে মাছ ধরছিলেন। শনিবার দিনগত গভীর ৩ এর পাতায় দেখুন

হস্তান্তরের আগেই স্কুল ভবনের ছাদে খসে পড়ছে পলেস্তারা

বাবুগঞ্জ প্রতিনিধি
হস্তান্তরের আগেই নির্মাণাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের ছাদের পলেস্তারা খসে পড়তে শুরু করেছে। বৃষ্টির সময় ছাদ চুইয়ে শ্রেণিকক্ষেও পানি প্রবেশ করছে। এতে ভবনটির নির্মাণকাজের মান নিয়ে প্রশ্ন উঠেছে। একই সঙ্গে শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়েও উদ্বেগ জানিয়েছেন শিক্ষক ও অভিভাবকরা। ঘটনাটি বরিশালের বাবুগঞ্জ উপজেলার জাহাঙ্গীরনগর ইউনিয়নের ৪ নম্বর আগরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। সোমবার (২৮ সেপ্টেম্বর) বিদ্যালয় সূত্রে জানা গেছে, প্রায় ৩৪ লাখ টাকা ব্যয়ে বিদ্যালয়ের নতুন ভবনের নির্মাণকাজ চলছে। তবে কাজ শেষ করে ভবনটি ৩ এর পাতায় দেখুন

মারধর ও কুপিয়ে গৃহবধূকে হত্যা, ৩ জনের যাবজ্জীবন

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরের গৃহবধূকে হত্যার দায়ে জেলা ও দায়রা জজ আদালত তিন আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন। দণ্ডপ্রাপ্তরা হলেন–জেলার মঠবাড়িয়া উপজেলার সাফা গ্রামের মৃত আ. রাজ্জাক সিকদারের ছেলে রাজু সিকদার, বরিশালের বানারীপাড়া উপজেলার মলুহার গ্রামের কাঞ্চন ঘরামীর ছেলে মো. ইমরান ও মেয়ে জোস্না বেগম। সোমবার দুপুরে পিরোজপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মো. মজিবুর রহমান এ রায় দেন। আদালত সূত্রে জানা গেছে ৩ এর পাতায় দেখুন

কাউখালী ও ভাণ্ডারিয়ায় দুই যুবলীগ নেতা গ্রেফতার

কাউখালী ও ভান্ডারিয়া প্রতিনিধি
কাউখালী ও ভাণ্ডারিয়ায় অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ দুই যুবলীগ নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। পিরোজপুরের কাউখালীতে বিশেষ অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ উপজেলা যুবলীগের সহসভাপতি আনিসুর রহমানকে (৪৮) গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৮ সেপ্টেম্বর) ভোরে উপজেলার দক্ষিণ বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন। গ্রেফতারকৃত আনিসুর রহমান উপজেলার আমড়াজুড়ি ইউনিয়নের পূর্ব আমড়াজুরি গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে। তিনি ৩ এর পাতায় দেখুন

পবিপ্রবিতে ছাত্রীদের উদ্দেশ্যে নির্মাণ শ্রমিকের অশালীন অঙ্গভঙ্গি, ভিডিও ভাইরাল

পবিপ্রবি প্রতিনিধি
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) নির্মাণাধীন চাঁদ সুলতানা হলের এক নির্মাণ শ্রমিকের বিরুদ্ধে সুফিয়া কামাল হলের ছাত্রীদের উদ্দেশ্যে অশালীন অঙ্গভঙ্গি প্রদর্শনের অভিযোগ উঠেছে। সোমবার দুপুর ১টা ৩০ মিনিটের দিকে নির্মাণাধীন চাঁদ সুলতানা হল থেকে মামুন (২৫) নামে ওই নির্মাণ শ্রমিক বারবার অশালীন অঙ্গভঙ্গি করেন বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীরা। এ ঘটনার একটি ৩ এর পাতায় দেখুন

চাঁদা না পেয়ে নিজ দলের ডিলারের টাকা ছিনতাই যুবদল নেতার

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে নিজ দলের ওএমএস ডিলারের কাছে তিন লাখ টাকা চাঁদা না পেয়ে ৫৫ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় এক যুবদল নেতার বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী ডিলার মো. আব্দুর রহিম ওরফে হাসান ফরাজী বোরহানউদ্দিন থানায় একটি লিখিত অভিযোগ করেছেন। অভিযুক্ত ব্যক্তির নাম তৈয়বুর রহমান মাতাব্বর (৪৫)। তিনি উপজেলার পক্ষিয়া ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক। অন্যদিকে হাসান ফরাজী একই ইউনিয়ন যুবদলের

সাংগঠনিক সম্পাদক এবং ওই ইউনিয়নের ১ থেকে ৬ নম্বর ওয়ার্ডের হতদরিদ্রদের জন্য ১৫ টাকা কেজি মূল্যের চাল (ওএমএস) বিতরণের ডিলার। থানায় দেওয়া অভিযোগে ৩ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে নতুন করে বরিশাল বিভাগের ২৫৪জন হাসপাতালে

কীর্তনখোলা রিপোর্ট
সাররাদেশে ডেঙ্গুর ভয়াবহতা ক্রমেই তীব্র হচ্ছে। লাফিয়ে বাড়ছে আক্রান্তের সংখ্যাও। প্রতিদিনই এডিস মশাবিহিত এ জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হচ্ছেন অনেক রোগী। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্তে ৮ জনের মৃত্যু হয়েছে। একইসময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ৩৬ জন। সোমবার (২৮ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গু-বিষয়ক নিয়মিত প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে, গত একদিনে ঢাকা উত্তর সিটি করপোরেশনে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুইজনের মৃত্যু ৩ এর পাতায় দেখুন

সন্ধ্যা নদীর তীব্র ভাঙনে বিলীন ঘর ও ৫ মন্দির

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে সন্ধ্যা নদীর তীব্র ভাঙনে বিলীন হয়েছে একটি বসতঘর ও পাঁচটি ধর্মীয় উপাসনালয় (মন্দির)। এছাড়া হুমকির মুখে পড়েছে আরও অন্তত ১৫টি বসতবাড়ি, যা যেকোনো মুহূর্তে নদীগর্ভে চলে যেতে পারে। রোববার (২৭ সেপ্টেম্বর) সকালের দিকে উপজেলার আমড়াজুড়ি ইউনিয়নের সন্ধ্যা নদীর পশ্চিম পাড়ে এই আকস্মিক ভাঙন দেখা দেয়। ঘটনার খবর পেয়ে বিকেলেই দুর্ঘটনাকবলিত এলাকা পরিদর্শনে যান ৩ এর পাতায় দেখুন

রাঙ্গাবালীতে অজ্ঞাত প্রাণীর কামড়ে শিশুর মৃত্যু

রাঙ্গাবালী প্রতিনিধি
পটুয়াখালীর রাঙ্গাবালীতে গর্তে হাত দেওয়ার পর অজ্ঞাত প্রাণীর কামড়ে রাইসা মনি নামে আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে উপজেলার চরহেয়ারে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, চরহেয়ারে পরিবারের অস্থায়ী বসতঘরের পাশে খেলাধুলা করছিল রাইসা। খেলাধুলার একপর্যায়ে সে একটি গর্তে হাত দিলে গর্তের ভেতরে থাকা কোনো প্রাণী তার হাতে কামড় দেয়। এতে শিশুটি চিৎকার করতে করতে মায়ের কাছে যায়। পরে তার মা শিশুটির হাতে কামড়ের স্থান দেখতে পান এবং সাবান দিয়ে হাত ধুয়ে দেন। তবে বিষয়টি সন্দেহজনক মনে হলে পরিবারের সদস্যরা দ্রুত চিকিৎসার জন্য রাঙ্গাবালী উপজেলা সদরের উদ্দেশে রওনা হন। কিন্তু চিকিৎসার জন্য নেওয়ার পথেই শিশুটির মৃত্যু হয়। নিহত রাইসা মনি রাকিব মল্লিকের মেয়ে। তাদের মূল বাড়ি ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com